# স্ত্ৰীপুৰুষে তীৰ্থযাৰ্তা।

### शियामयास (योगनः ।

প্ৰণীত 🛊

## কলিকাভা

করন্ওয়ালিস ষ্ট্রীট ৩৮ নম্বর বাটীতে কলম্বিয়ান্ প্রেসে শ্রীযদুনাথ দে মার। মুদ্রিত। সন ১২৭৭।২৫ অগ্রহায়ণ ।

### বিজ্ঞাপন।

ক্ত্রীপুরুষে তীর্থ যাত্রা নামক এই অভিনব ক্ষ্দ্র পুস্তক খানি যে স্বয়ং রচনা করিয়া প্রচারিত করিলাম একপ বলিতে পারা যায় না যেহেভু ইহাতে বর্ণিত উপাখ্যানগুলি মধুমোদক সমাজে কিম্বদন্তীৰূপে বহুকালাবধি প্রচারিত আছে 1

এক্ষণে শ্রীযুক্ত বারু ইক্রণারায়ণ ঘোষের উৎসাহে উৎসাহিত হইয়া সেই সমস্ত জনরব ঘটিত বিষয়গুলি লিপিবদ্ধ করিয়া সাধারণ সমীপে উল্লাইত করিলাম। অতএব গুণগ্রাহী পাঠক মহাশয়েরা অনুগ্রহ পূর্বক এক এক বার পাঠ করিলেই আপনাকে চরিতার্থ বোধ করিব।

ং২৭৭ সাল। **শ্রীহাদিবচন্দ্ মোদ**ক। ২৫শে কার্ভিক। শ্যামবাজার 1

# গ্ৰী পুৰুষে ভীথবাতা।

#### প্রথম প্রীক্ষেদ ]

#### ख्बाधारम।

সাহবালিনের পুক্ত করাখাঁ বঙ্গশাসন কর্ম পদে অধিষ্ঠিত হইয়া যে সময়ে গৌড় নগরে অবস্থিতি করিতেছিলেন, সেই সময়ে অর্থাৎ ৬৬২ বঙ্গান্দে কতক গুলি অদ্যুদ্দেশীয় পুণ্য প্রয়াসী যাত্রী রথযাত্রাদি দর্শন করিয়া পুণ্যধাম শ্রীপুরুষোত্তম হইতে প্রত্যাবর্ত্তন করিতেছেন।

রান যাতার পর হইতে রথ যাতার পূর্ক দিবসাবধি শ্রীশ্রীত জগন্ধাথদেবের দর্শন পাওয়া যায় না ৷ যেহেতু এই সময়ে কাষ্ঠ কলেবর শ্রীমূর্ত্তি নিচত্রিত হইয়া রথারোহণ যোগ্য হন ৷ সূত্রাং যাত্রীরা জগন্ধাথদেবের দর্শন না পাওয়াতে প্রায় অনেকেই মনে ননে বিরক্তি ব্যোধ করেন ৷ তৎপরে দর্শক মনোমন্দিরে ভবনভাব আবিভাব নিবন্ধন যৎপরোনান্তি ব্যাকুলিত হন কাটীতে কে কেমন আছেন, কেহ কেহ নিতান্ত নিশু সন্তান রাথিয়া আসিয়াছেন, কাহার পিতা মাতা বৃদ্ধ, কাহার স্বামী রুগ্ধ, কেহ বা পু্জবধুকে সাত মাস অন্তঃসত্বা দেখিয়া আসিয়াছেন ইত্যাদি নানা প্রকার চিন্তায় উদ্বিগু হইয়া স্বভবনে প্রত্যাবর্ত্তন জন্য প্রায় সকলেই ব্যস্ত হন। এ কারণ কত লোকের রথ দেখিবার বিলম্ব সহে না, কেহ কেহ চিত্রিত মূর্ত্তিকে রথোপর আরোহণ দর্শনেই প্রার্থনা সহকারে প্রণাম করিয়া প্রস্থান করিয়া থাকেন।

কিন্তু আমাদিগের কথিত যাত্রীগুলি সেরপ সভাবের লোক ছিলেন না! ইহারা স্নান যাত্রার পর তথাকার যে সকল কর্ত্তব্য কর্ম ছিল, অর্থাৎ সেথুয়াদিগের পরামর্শে ধ্বজা বন্ধন, পাণ্ডা ভোজন, আট্ কিয়া বন্ধন ইত্যাদি (যাহাতে পাণ্ডা এবং সেথুয়াদিগের অতিরিক্ত উপার্জ্জন) একে একে সমাধা করিয়া রথ যাত্রা দর্শন করিয়া- ছিলেন। এবং 'এতদ্দর্শনেও পরিতৃপ্ত না হইয়া আরও কয়েক দিবদ পুণ্যধানে অতিবাহিত করিলেন। পরে হারাপঞ্চমী দেখিয়া পূরী হইতে বহির্গত হইলেন।

ক্রমে রাণিতলা, তুলদীচুড়া, অতিক্রম করিয়া
মধ্যায় সময়ে সত্যবাদির চটার্তে আসিয়া
পৌছিলেন এবং তথায় মধ্যায় আহারাদি করণের
সুযোগ দেখিয়া পথ প্রদর্শক যাত্রীদিগকে আহারীয় দ্রব্যাদি সংগ্রহের অনুমতি করিলেন ৷
এদিকে যাত্রীরাও শ্বন্থ অভিলবিত দ্রব্যাদি আহরণে
প্রবৃত্ত হইলেন ৷

এদেশের স্ত্রীলোকদিগকে অন্তঃপুরে আবদ্ধ রাখিবার পদ্ধতি বহুকালাবধি প্রচলিত থাকাতে. ইহারা স্বদেশে বাটার বহিভূতা হইতে পান না কিন্তু তীর্থে ইহারা স্বয়ং দিদ্ধা হইয়া সকল কার্য্যই-করিয়া থাকেন ৷ সেই জন্য চটাতে আসিয়াই দলে দলে পণ্যবীথিকাতে গমনাগমন করিয়া অভিলবিত দ্রব্যাদি ক্রয় করিতে লাগিলেন ৷ এই সুযৌগে

তথাকার ব্যবসায়ি সম্প্রদায়েরা—ওঁচা, পতা, থো-পড়া, যাহা সম্বৎসব্ত্বেও তথাকার (লাক-দিগকে বেচিতে পারে নাই সেই সকল দ্রব্য বিক্রয় করিতে আরম্ভ করিল। এবং দামত্না **परत रुडेक वा उजरा कम मियारे रुडेक, रय** প্রকারে হুয় অধিক উপার্চ্জনের পন্থা দেখিতে লাগিল। স্ত্রীলোকের মধ্যে যাহারা অতিশয় চতুর, দোকানিকে ঠগাইবার জন্য তাহার। কুত্রিম হাব ভাব দর্শাইতে প্রায় বাকি রাখিল না। এইৰপে ক্ষণকাল ক্ৰয় বিক্ৰয় চলিতে नाशिन, यांजी मन्ध्रनात्यत मर्था खीलांकरे अधिक, পুরুষ্যাত্রী অতি অপ তাহাতে আবার অধিকন্তই ठेश, जुशारहात, शाँजारथात, लम्लाहे, जाल मानूव প্রায় দেখা যায় না। কারণ এই। --কতক--গুলি মন্দ স্বভাবা তরুণ বয়ন্ধা জীলোক তীর্থ যাত্রা ছলে বাটী হইতে পলাইয়া পথে আগ্নাতিলাষ সম্পন্ন করে, এবং নীচাশয় পরস্ত্রী-ক ঠর যুবাপুরুষেরাও দেই ৰূপ স্ব স্থাহতি চরিতার্থ করণের নিমিন্ত অস্পবয়দে তীর্থ পর্য্য-টনে গমন করিয়া থাকে, বাস্তবিক তাহারা পুণ্য, প্রয়াসী লোক নহে।

তদমন্তর যাত্রীরা যথা যোগ্য নাহারীর ত্রব্যাদি সংগ্রহ করত পাক শাক করিয়া ভোজ-নাদি করিতে বেলা প্রায় অপরায় হইল। সে জন্য সে দিবস সত্যবাদির সরায়েই অতিবাহিত করিতে হইয়াছিল।

### বিতীয় পরিচ্ছেদ।

#### मिक्निका

পর দিবদ রাত্রি প্রহরেক থাকিতে নকলে গাত্রোপান পূর্বক "হরিবে'ল হরিবেলে" শাদে তথা হইতে বহির্গত হইলেন এবং সত্যবাদির ইনি পশ্চাতে রাখিয়া অনবরত উত্তর ভিমুখে গালন করিতে লাগিলেন ৷ ক্রন্মে রজনী প্রভাতা হইলে নব্যেদিত ভাস্কর কির্ণে সকলের মুখোম্ওল

ঘৰ্মাক্ত হইয়া আদিলে, পথজাৱে ক্লান্ত হইয়া ক্ষণকাল বিশ্রামাতিলাযে সকলে বুক্ষমূলে উপবৈশন করিয়া নানা প্রকার উপভোগে ও কথোপকথনে ্প্রবৃত্ত হইলেন। তমধ্যে এক জন জ্রীলোক বলিয়া উঠিলেন—আপনারা সকলে ফেলিয়াযান যাবেন কিন্তু আমি কোন ক্রমে পারিব না, যেহেতু অন্য নন পর নন উনি আমার স্বামী আমি উহাঁর স্ত্রী ৷ এই কথায় আর এক জন স্ত্রীলোক উত্তর করিল—নাও মেনে তোমার কথা ভাল লাগে না! এপথে কতলোক পেটের সম্ভানকে ফেলে রেখে বায়-তুমি আর স্বামীকে ফেলে যেতে পার না ? স্বামী হলো তো কি হলো। তথন প্রথম বক্তা জ্রীলোকটা পুনরায় কহিল যাহারা নির্কোধ তাহারাই এমন কর্ম করে, যাহাদের জ্ঞান আছে তাহারা কথনই এমন কর্ম করিতে পারে না আমি কথকঠাকুরের মুখে শুনিয়াছি স্বামী জ্রীলোকের পরম দেবতা হন. यामी महित्न (य खी. यामीह महश्मन करहन

· সেই স্ত্রী আপনাকে এবং তাহার স্বামীকে পূর্ব্ব-কৃত পাপ হইতে পরিত্রাণ করিয়া উভয়ে অনন্ত, मूर्थ স্বৰ্গ ভোগ করিতে থাকেন। দেখ সেই জন্য অদ্যাপিও কত কত জ্রীলোকেরা স্বামীর সহ-মরণে গমন করিতেছেন। অতএব আমি কি বলে এমন অসময়ে স্বামীকে পথে ফেলে চলে যাব ? আমার কি শরীরে দয়! মায়া নাই ? না আমার কিছু মাত্র ধর্ম ভয় নাই। এক দিন অপেক। করে দেখি উনি কেমন থাকেন পরে যাহা হয় তাহাই করিব। এই কথা শুনিয়া দ্বিতীয় বক্তা জ্রীলোকটা আর কোন উত্তর করিল না। সেবার সেথুয়াঠাকুর কয়েক জন পুরুষ্যাত্রীর সহিত পরামর্শ করিয়া প্রথম বক্তা জ্রীলোকটাকে নি-কটে ডাকিয়। বলিলেন-শুন তোমার স্বামীর লক্ষণ বড় ভাল নয়, যখন তিনটা বার মাত্র দান্ত হওঁ-য়াতেই উহার চোক, মুখ বসে গিয়াছে তখন আর বাঁচিবার কিছু মাত্র আশা নাই। অতএব তুমি উহার প্রত্যাশা পরিত্যাগ করিয়া আমাদের সহিত

গমন কর ৷ এই বলিয়া সেথুয়াঠাকুরকে নীরব হুইতে দেখিয়া প্রথম বক্তা স্ত্রীলোকটা পূর্বের ন্যায় বলিতে আরুষ্ত করিলেন ৷ হয় এক খানি জুলি ভাড়া করিয়া দেও নজুবা অন্যক্ষার মত সকলে এই স্থানে থাক কল্য অপনারা ঘাহা ব্যাবিক্য আমি ভাহার অন্যথা করিব না ৷

পুনরুত্তরে সেগুয়।ঠাকুর বলিলেন আমরা সত্য-বাদির চটীতে থাকিতে যদ্যপি তোনার স্বামীর এ**ৰপ ব্যারাম হইত তাহ। হইলে** যে কয় দিন গহরী করিতে বলিতে, তঃহাই করা যাইত। এ নয়এদিগু নয়ওদিগু মধ্যস্থলে ছুশ, পৌনেতুশ যাত্রী কি-প্রকারে 'নিরাপ্রয়ে থাকিবে, একে এই বর্ষাকাল ভাহাতে এখানে দে কানি পদারী নাই, থাকিবার ঘর নাই, কোন দ্রব্য সামগ্রী ক্রয় কিরিতে পাওয়া যাবে না, তবে কি এক জনেয় জন্য এরা এত লোক অনাহারে গছিতলায় থা-কিবে ? তাহা কখনই থাকিনে না। তবে তুমি একা কি প্রকারে থাকিৰে আর থাকিয়াই বা

কি করিবে ? নিকটে গ্রাম নাই যে তথায় লয়ে গিয়ে• স্বামীর িকিৎসাদি করাইবে, কাট্যুড়ি সত্যবাদি যে দিগে যাও চটা প্রায় সাত ক্রোশ হইবে৷ চটা ভিন্ন ডুলি কাহার পাওয়া যাবে না, চটী হইতে ডুলি আনিতে গেলে রাত্রি এত-ক্ষণেও আসা ভার হইবে, অতএব বিবেচনা করিয়া দেখন একা থাকা ভাল .কিম্বা আমাদের সক্ষে যাওয়া উচিত। এই বলিয়া পথ পুদর্শক ক্ষান্ত হইলে অন্য এক জন যাত্রী পথের রীতি নীতি প্রত্যক্ষ দুষ্ট ন্ত দ্বারা বুঝাইয়া বলাতে জ্রী স্বভাব বশতঃ প্রথমতঃ সম্মত হইয়াছিলেন। কিন্তু পাছে দেশের লোকে জানিতে পারে—্যে স্বামীকে জীবিতাবস্থায় পথে কেলে এসেছে সেই চিন্তা মনোমধ্যে বারন্ধার উদয় হওয়াতে ধৈর্য্যাব-লম্বনে অসমর্থা হইয়া পুনর্বার সঞ্জিদিগকে জি জ্ঞাসা করিলেন ৷ বলিলেন—তোমরা যে উহাঁকে কেলে যেতে বলিতেছ এই কথা দেশের লোকে শুনে বল্বে কিং তথন যে লজ্জায় মরে থেঁতে

हरत, रमरभव लारकत निकर मुथ रमथान रय ভার হয়ে উঠবে৷ এমন কর্ম আমিত প্রাণ থা-কিতে করিতে পারিব না। এই বলিয়া স্ত্রী লোকটা সহসা রোদন করিতে লাগিলেন এবং কহিলেন হায় ৷ এখন আমি কি উপায় করিব ? ভাবিয়া যে কিছুই স্থির করিতে পারিতেছি না। যাহা-দিগের ভর্মায় পুরুষোত্তমে আসিয়াছিলাম তাহারা তো সকলি করিল, পথে আসিয়া এৰপ বিপদে পড়িব, আজ কুক্ষণে রাত্রি পোহাইবে পূর্বেইহা জানিতে পারিলে চটা হইতে কখনই বাহির হইতাম না, সেই স্থানেই কিছু দিন থাকি-তাম বরং দেখানে থাকিলে যাহা হয় এক ব্রকম শুবিধা করিতে পারিতাম পথে এদে যে বিষম বিপাকে পড়িলাম, হায়! আমার দশা -কি হবে আমি কেমন করে ইহাঁকে দেশে নিয়ে যাব, হে পরমেশ্বর, হে জগবন্ধু, হে মধু-मृमन, विश्वमकाल अमामीरक त्रका करून। এই বলিয়া জ্রীলোকটা দীর্ঘনিশাস পরিত্যাগ

পূর্ব্যক নানাপ্রকার বিলাপ করিতে লাগি-লেন।

এবস্থাকার বিলাপ শুনিয়া যাত্রী সম্প্রদায় মধ্য হইতে এক জন ভাঁহার স্বদেশীয় লোক উত্তর করিল। বলি কেবল আমরাই কয়েক জন তোমার দেশস্থলোক আছিতো? আমরা দেশে গিয়ে যাহা বলিব দেশের লোকে তাহাই বিশ্বাস করিবে তজ্জন্যতোমার চিন্তা কি ় তুমি সচ্ছন্দে আমাদের সঙ্গে গমন কর। স্ত্রীলোকটা কহিল আছে। দেশের লোকে জিজ্ঞাসা করিলে তথন তোমরা कि विनिद्ध । अरेकथा अनिया (म व्यक्ति विनिध् কেন আমরা বলিব পথে ষষ্ঠীপুরেবুর ওলাউঠা হইয়াছিল আমরা তাহাকে সত্যবাদির চটাতে রাথিয়া তই দিবস চিকিৎসাদি করাইয়াছিলাম কিন্তু আরোগ্য হইল না। পরে তাহার কালাকাল হইলে অস্ত্যেটি ক্রিয়া সমাধা করে তথা হইতে যাত্রা করি, সেই জন্য আসিতে আমাদের এত বিলম্ব হইয়াছে, নতুবা আমরা আরও ছই দিবস

পূর্বের অাদিয়া পৌছিতাম। যাত্রীদিগের মুখে এইৰপ নানাপ্ৰকার আশাস বাক্য গুনিয়। স্ত্রীলোকটা ইতিকর্ত্তব্যতা বিমুদা হইয়া ক্ষণকাল নিস্তন হইয়। থাকিলেন। ইহাতেই সকলে, মৌনে সম্মতি লক্ষণ অনুমান করিয়া, তৎকালো-চিত কর্ত্তব্য কর্মের অনুষ্ঠানে যতুবান হইলেন অর্থাৎ এক জন যাত্রী একটা নারিকেল মালায় কিঞ্চিৎ জন, আর তাহার পরিধেয় বস্ত্রে মুটটাক্ চিঁড়ে বান্ধিয়া রাথিয়া আইলে আর এক জন ষষ্ঠীপুজের ককাল হইতে টাকার গেঁজেটা খুলিয়া তাহার জ্রীকে আনিয়া দিল। পরে এই ব্যাপার সমাপ্ত হুইলে যাত্রীরা সকলে রোগীর নিকট হইতে নীরবে উঠিয়া চলিল এতদ্দর্শনে উক্ত রুমণী व्यग्रा मिक माक रेडामि।

## ভূতীয় পরিচ্ছেদ।

#### পরিচয় প্রদানে ৷

ইহারাতো সকলে চলিয়া গেল ষষ্ঠীপুজ্ঞই কেবল সুষ্প্রাবস্থায় রৃক্ষমূলে শয়নে থাকিলেন। সত্যবাদি হইতে আসিকার সময় পথে বারত্রয় তেদ হওয়াতে ষষ্ঠীপুজের শরীর অতিশয় অবসন্ন হইয়াছিল। এই কারণ বশতঃ ঐস্থানে পৌছিয়াই তিনি শয়ন করিয়াছিলেন এবং শারীরিক দৌর্কল্য প্রযুক্ত অংশক্ষণের মধ্যে নিদ্রায় অভিভূত হইয়াছেন। এ পর্যান্ত নিদ্রায়

তাঁহার প্রতিবেশী দক্ষিরা এবং তাহার ক্রী তদবস্থায় তাঁহাকে পরিত্যাগ করিয়া প্রস্থান করিতেছেন, বিরামদায়িনী নিদ্রাদেবীর প্রসাদে তিনি তাহার বিশ্ব বিসর্গও জানিতে পারেন নাই দছ্দে নিদ্রাদুখিই অনুভব করিতে-

### স্ত্রীপুরুষে তীর্থযাতা।

ছিলেন ৷ অতএব এই সময় ষ্ঠীপুজের পরিচয় প্রদান করিয়া পাঠকরন্দের নিকট ভাঁহাকে পরিচ্ত করাইতে অবসর পাইলাম ৷

হুগলি জেলার অন্তঃপাতি সাত্যাঁ নামে যে

থ্রান আছে পূর্বকার লোকেরা ঐ স্থানকে

সপ্তথান বলিত। নিকটে স্রোত্ত্বতী সরস্বতী
বেগবতী থাকাতে নানাদিগ্দেশ হইতে বাণিজ্যোপ্যোগী দ্রব্য সকল তথায় আনীত ও নীত

হইত। সেই জন্য ব্যবসায়িগণের বহুল সমাগম

হওয়াতে সপ্তথাম তৎকালে বন্ধদেশমধ্যে

প্রধান বন্ধর বলিয়া পরিগণিত ছিল। এক্ষণে

তথাকার পূর্বব সৌভাগ্যের চিক্ল মাত্রও দৃক্তিগোচর

হয় না।

কালক্রমে সকলই রপান্তর প্রাপ্ত হয়, অন্য যে স্থানে নগর দেখা যাইতেছে হয় তো কিছু দিবদের মধ্যে তথায় অরণ্যময় হইয়া স্থাপদা-বলির বাসস্থান যোগ্য হইতে পারে। অদ্য যে স্থান বিজন বলিয়া পরিচিত আছে হয়তো • কিছু দিনের মধ্যে মনোহর নগর পত্তন হই রা বিবিধ শাণাধাবলীতে তথাকার মূঞ্জীকতা সম্পাদন করিতে পারে । এমন যে বহুলোক সমাকীর্ণ অতি সমৃদ্ধিশালী কলিকাতা দেখিতেছেন কোন সময়ে ইহাও অরুণ্যময় ছিল । কথিত আছে যে নিক্ টস্থ মূলর বন হইতে ব্যাঘ্রাদি বন্য জন্তু আসিয়া এস্থানে বাসকরিত। এক্ষণে কলিকাতার বর্ত্তমান অবস্থা অবলোকন করিলে পূর্বে বৃত্তান্ত নিতান্ত ভ্রমমূলক বলিয়া অনুত্রব হইয়া থাকে। কালের গতিই এই রূপা পরিবর্ত্তনশীল।

সপ্তপ্রামের উত্তরাংশে আর একখানি ক্ষুদ্র প্রাম্থ আছে তাহার নাম ধানাস, ষষ্ঠীপুজের বাসস্থান উক্ত ধানাসেই ছিল, ইনি নিতান্ত নীচ বংশোদ্ভব বা দরিদ্র ছিলেন না। অথচ ব্রাহ্মণ কায়স্থ গ্রহেন, তালুক মূলুক ও ছিল না। জাত্যংশে মোদক ব্যবসায় স্বর্ত্তি। আচার, বিনয়, বিদ্যা, তীর্থদর্শন, তপ ও দান প্রভৃতি নানা-প্রকার সক্ষুণবিশিষ্ট ছিলেন। এই সকল

গুণ দারা কিছু দিনের মধ্যে ষ্ঠীপুত্র স্বীয় সমাজ ' इटेटा कोनीनामधाना **अश्वि इन 1** जनू-মান হয় রাজা বল্লালদেন যথন কুলীন মৌলিক প্রভেদ করেন তখন কেবল আদিসুর কর্তৃক ব্দানীত ব্রাহ্মণ ও কায়স্থদিগকেই কৌলীন্য-মর্য্যাদা প্রদান করিয়াছিলেন, ইহা ভিন্ন অন্য কোন বর্ণের প্রতি বিশেষ মনোযোগ করেন নাই ৷ মূত্রাং নবশাক বা ইতরলোকেরা উপর্যক্ত বর্ণ-দ্বয়ের কোলীন্যমর্য্যাদা দৃষ্টি করিয়াই স্ব স্থ সমাজ মধ্যে এক এক জনকে চাঁই, মোড়ন, পরামাণিক প্রভৃতি উপাধি বিশিষ্ট করিয়া কুলীন্যত্ব পদ প্রদান করিরা থাকিবেন ৷ তদনুসারে ষ্ঠীপুত্র স্বজাতীয় সমাজ হইতেই কৌলীন্যমর্য্যাদা প্রাপ্ত হইয়াছিলেন। ইহা ভিন্ন ষ্ঠীপুত্রের মর্য্যাদা প্রাপ্ত ·হইবার আর একটা কারণ ছিল, জনশ্রুতি আছে যতীপুজের পিত। স্টিধর দাস যথন বর্দ্ধমান হইতে ধামাদে আসিয়া বসবাস করিয়াছিলেন তদবধি বর্তীপুত্র গঙ্গারান করিতে প্রবৃত্ত হন।

কথিত আছে ইনি প্রত্যহ প্রাতে গাত্রোখান করিয়া। মুক্তবেণীত্রিবেণীতে স্নানার্থ গমন করিতেন। যে দিবস উত্তরিদিগ হইতে বায়ু বহমান হইত সে मिवन चार्टेत मिकनां १८० धवर रय मिवन मिकिता. অনিল বহিত সে দিন ঘাটের উত্তরাংশে নামিয়া স্নান করিতেন। তাহাতে এক দিবদ একজন ব্ৰহ্মচারী ভাঁহাকে জিজ্ঞাসা করিলেন, তুমি এৰূপ করিয়া স্নান কর কি জন্য ? এই কথা শুনিয়া ষষ্ঠী-পুত্র কহিলেন মহাতীর্থ ত্রিবেণীতে অনেকানেক সাধু পুরুষের সমাগম হইয়া থাকে। অতএব ভাঁহাদিগের গাত্রসংস্পর্শ বায়ু আদিয়া যাহাতে আমার গাত্রকে পবিত্র করে দেই অভিপ্রায়ে এইৰপে স্নান করিয়া থাকি ৷ ত্রহ্মচারী শুনিয়া অতিশয় সম্ভুষ্ট হইলেন এবং এই বলিয়া ষষ্ঠী-পুত্রকে বর প্রদান করিলেন " তুমি সমরে স্বজাতী সমাজে প্রাধান্য লাভ কর।" পরে ৠযি বাক্যে তাহাই ঘটয়াছিল।

অতঃপর কি জন্য ষ্টীপুক্তের পিতা বর্দ্ধনান

পরিত্যাগ করিয়া ধামাদে বাস করিয়াছিলেন এস্থানে তাহাও প্রকাশ করিতে হইল। থৈহেতু পাঠক মহাশয়েরা মনে করিতে পারেন যে ষষ্ঠী-পুত্রের পিতা দায়গ্রস্ত বা ঋণগ্রস্ত হইয়া মহাজনদিগকে বঞ্চিত করিবার আশয়ে বর্দ্ধমান হইতে পলাইয়া আসিয়া থাকিবেন। বাস্তবিক তাহা নহে, ইনি যে কারণে বর্দ্ধমান পরিত্যাগ করেন তাহা একটা মনোহর ইতিরুত্ত। বোধ করি উক্ত ইতির্ভটী এই স্থানে বর্ণন করিলে পাঠক মহাশয়ের। বিরক্তি প্রকাশ করিবেন না। যেহেতু মধু মোদকদিণোর পক্ষে এই ইতির্ভটী অতিশয় প্রয়োজনীয় অতএব ষ্ঠীপুত্রের অবস্থা বর্ণন স্থগিত রাখিয়া অগ্রে ইতিরতে প্ররুত্ত হইলাম ৷

## চতুর্থ পরিচ্ছেদ।

#### कमर्भ शक।।

বর্দ্ধমানের সন্মিকট কাঞ্চননগর নাংম একটা নগর আছে। কন্দর্প দাস নামে এক জন মোদক ও সৌন্দর্য্যবতী নাগ্নী তাহার স্ত্রী সেই নগরে বাস করিত। কালক্রমে কেশব, মুকুন্দ, ও মুরারি নামে তিনটা পুজ সম্ভান জন্মিলে সৌন্দৰ্য্যবতী একটা কন্যারত্ব প্রস্ব করিয়াছিলেন, সেই কন্যার নাম অনঙ্গবতী, ইনি এমনি ৰূপবতী ছিলেন যে কিছু দিন পরে যৌবনাবস্থায় পদার্পণ করিলে তাহার ৰূপের প্রশংসা দেশময় রাষ্ট্র হইরা উঠিল। এমন কি তৎকালের কবিতাকর্ত্তা পণ্ডিত মহাশয়েরা স্বক-পোল কম্পিত বাক্যবিন্যাদে অনক্ষৰতীর ৰূপ বর্ণ-ৰায় আপনাদিগকে অপার্গ জ্ঞান করিয়াছিলেন, বাস্তবিক্ বঙ্গভূমে তৎকালে সুক্বি প্রায় ছিলেন না। তদন্ত্র কন্দর্পদাস কন্যা যোগ্য ৰূপবান পাত্র বদেশে না পাওয়াতে পাতারেষণে দেশার্তরে

গমন করিয়াছিলেন। ইতিনধ্যে বঙ্গের শাসন কর্ত্তা তাগরণখাঁ \* নামে নবাব উড়িধ্যা জয় করিয়া প্রত্যাবর্ত্তন কালে বর্দ্ধমান্যে আদিয়া পৌ।ছিলেন। এবং করেক দিবদ তথায় অবস্থিতি করিয়া তথা-কার ফৌজদারের নিক্ট অনঙ্গবতীর সৌন্দর্য্য-তিশয় এবণে আশ্চর্যান্বিত হইলেন। পরে তাহাকে হরণ করিয়া তাগরণখা স্বীয় রাজ-ধানী গৌড় নগরে প্রস্থান করিলেন এবং সন্থরে অন্ত্রকার পাণি এহণ করিয়া নবাব তাহাকেই প্রধান মহিষী পদে অতিষিক্ত করিয়াছিলেন। ইহার পূর্ব্বে অন্য কোন নবাব বা বাদসাহ হিল্ছ ব্রমণীর পাণি গ্রহণ করেন নাই।

এ দিকে কন্দর্প দাস উপযুক্ত পাত্র না পাইয়া সদেশে প্রত্যাবর্ত্তন করত শুনিলেন নবাব তাগরণখাঁ অনক্ষবতীকে হরণ করিয়া লইয়া গিয়াছেন সেই জন্য স্বজাতীয় কুটুন্বেরা তাহাকে সমাজচ্যুত করিয়া নিমন্ত্রণাদি রহিত করিয়াছেন,

<sup>\*</sup> Toghan Khan.

'এই সকলব্যাপার শ্রবণ করিয়া কন্দর্পদাস ক্রোধে পরিপুর্ণ হইলেন, এবং সত্তরে ইহার প্রতিফ্ল দিবার জন্য অর্থাৎ নবাব তাগরণ খাঁর নামে অভি-যোগ করিবার জন্য তৎক্ষণাৎ দিল্লী যাত্রা করি-লেন, কিন্তু কয়েক দিবদান্তে শুনিলেন, সাহবালিন মানবলীলা সম্বরণ করিয়াছেন (বাস্তবিক ইহা অলীক জনরব মাত্র ) অতএব রাজ পরিবর্ত্তনকালে রাজধানী গমন করা অকর্ত্তব্য বিবেচনা করিয়া কন্দর্পদাস বাটীতে ফিরিয়া আসিয়াছিলেন, এবং অভিযোগ হইল না বলিয়া মনে মনে নিতান্ত ক্র হইয়া বিষয় চিত্তে কাল্যাপন করিতে লাগিলেন 1

অন্ধ্বতী যে কেবল ৰূপবতী ছিলেন এমন নহে ৷ তিনি যেৰূপ অলোক সামান্য ৰূপলাবণ্য-বিশিষ্টাছিলেন, সেইৰূপ গুণবতী ও বিদ্যাবতী ছিলেন ৷

নবাব তাগরণখাঁ যে সময়ে ঠাঁহাকে হ-রণ করিয়া স্বরাজ্যে গমন করেন সে সময় তিনি যে কেবল রোদন করিয়াছিলেন এৰপ নহে,
স্বীয় বিদ্যাবৃদ্ধি প্রভাবে অনেকানেক বিষয় পর্যালোচনা করিয়া মনে মনে প্রশ্ন করিতে লাগিলেন।
"জাতগেল" এবং স্বয়ং প্রশ্ন কর্ত্রী হইয়া
উত্তর করিলেন জাত আবার কি ? ব্রাহ্মণ, কায়স্থ,
ময়রা, মালি, তেলী, তামুলী, স্বর্ণকার, দূর্রথর
ইত্যাদি উপাধি বিশিষ্টকেই লোকে জাত বলিয়া
থাকে যাহারা যে দলভুক্ত তাহারা সেই জাতি,
অপরেরা ভিন্ন জাতি 1

দ্বিতীয় প্রশ্ন । ভিন্ন আবার কি 🕆

উত্তর । কৈ কাহারত চারিটা হস্ত নয় কাহারত চরণ চতুষ্টয় দৃষ্ট হয় না, কেহ তো চিরকাল জীবিত থাকে না, তবে তিম্ন কি ? কেবল আচার ব্যবহারে কিঞ্চিৎ বৈলক্ষণ্য দেখা যায়, নতুবা আকার প্রকারে সকল মনুষ্যই একরপ।

তৃতীয় প্রশ্ন। স্ত্রীলোকের ধর্ম কি ? উঃ। সতীত্ব।

চতুর্থ প্রশ্ন ৷ পরিণেতা কয় ?

উঃ৷ পরিণেতা এক।

যদ্যপি এক জনকে পাণিদান করিয়া সতীত্ব ধর্ম রক্ষা করিতে পারা ধায় তাহা হইলে কথনই নিরয়গানিনী হইতে হইবে না ৷ অতএব ধর্ম এক সতীত্ব রক্ষা দ্বারাই রক্ষিত হইবে ৷

পঞ্ম প্রশ্ন ৷ উপাদ্য কয় ?

উঃ ৷ উপাদ্য এক, যেন্ডেকু পরমেশ্বর একমেবা-ছিতীয়ন্ ইহা প্রায় সকল দেশবাদিরাই স্বীকার করেন ৷ অতএব ভাঁহার উপাদনাই উপাদনা ৷ অন্য, বিজ্পনা মাত্র ৷

এই সকল পর্য্যালোচনা দ্বারা অনস্কবতী ধৈর্য্যাবলম্বন করিয়াছিলেন তৎপরে নবাবকে পাণিদান করিতেও অসমত হন নাই 1

তদনন্তর অনঙ্গবতী স্বীয় সৌজন্যগুণে নবাব ভাগরণ খাঁকে এমনিই বশীভূত করিয়াছিলেন যে নবাব সাহেব অনঙ্গবতীর বাক্যের অন্যথা করিতে সাহস করিতেন না। এবং অন্তঃপুর পরি-চারিকা সমূহ নব্মহিনীর সদাচারে সন্থাই হইয়া

আন্তরিক ভক্তি সহকারে কার্য্যাদি নির্ব্বাহ, করিত। এই ৰূপে কিছু দিন গত হইলে অনুষ্বতী আপন পিতা মাতা এবং ভাতা গণের কুশল সমাচার জানিবার জন্য অত্যন্ত উৎবিগ্ন হইয়াছিলেন। পরে জনৈক ভূত্যকে নিকটে আহ্বান করিয়া কাতরোক্তি সহকারে কহিলেন, তুমি কাঞ্চন নগরন্থ আমার পিতা কন্দর্পনাসের কোন সুসমালার আনিতে পার ? দৃত ইহা শুনি-বা মাত্র যে-আজ্ঞ। বলিয়া ভক্তি সহকারে শির নোয়াইয়া প্রস্থান করিল। কয়েক দিবদান্তে কাঞ্চন নগর হইতে প্রত্যাবর্তন করিয়া যে সকল সমাচার কহিল তাহাতে অনম্বতী অতিশয় বি-মৰ্ব যুক্তা হইলেন এবং কি উপায়ে নিৰুপায় পিত। মাতার তুঃখাপনোদন করিবেন দিবানিশি তা-शावरे किसा कतिएक नागितन । धक मिवन अनकः বতী আপন শয়ন কক্ষে উপবেশন করিয়া কর-তলে কপোল বিন্যাস পূর্ব্বক স্বীয় পিতা মাতার দুর্বদৃষ্ট িন্তা করত অজন্র অঞ্চ বিসর্জন করিতে-

.ছেন এবং মনে২ আপনাকে কতই তিরস্কার ক-রিতেছেন এমত সময় তাগরন খাঁ সন্মুখে উপ-স্থিত হইয়া কহিলেন "প্রেয়সী এ কি" ? প্রিয়জনের প্রিয়সম্ভাষণে অনঙ্গবতীর দ্বিগুণ চুঃখ উপস্থিত হইল এবং তদ্দণ্ডে উচ্চৈঃস্বরে রোদন করিয়া উঠি-লেন ৷ নবাব কিয়ৎক্ষণ কাষ্ঠপুত্তলিকাৰৎ নিস্তন্ধ ভাবে দণ্ডায়মান থাকিয়া চিন্তা করিলেন কিন্তু অক্স্যাৎ এৰূপ রোদনের তাৎপর্য্য কি কিছুই অনুমান করিতে পারিলেন না সূতরাং পুনর্কার জিজ্ঞাসা করিলেন৷ " প্রিয়ে কি জন্য এত রোদন করিতেছ" যদ্যপি আমা হইতে ইহার কোন প্রতিকার সম্ভাবনা থাকে অনুমতি কর এই দণ্ডেই তাহার প্রতিবিধান করি। এই বলিয়া নবাব নীরব হইলে অনঙ্গবতী নবাবকে প্রিয় সম্বোধন করিয়া কহিলেন। ভাগ্য মনুষ্যের সঙ্গে যায়, ভাগ্যে যাহা থাকে তাহা কেহই খণ্ডন করিতে পারে না। সেই জন্য সাধারণে वतन ।

দরিত যদি যায় সমুত্র পার । তরুনা ঘুচে তার কন্ধের তার ।।

অতএব দুখৈৰ্য্য সম্ভোগ করা কথঞ্চিৎ ভাগ্য অপেকা করে। আমার সেৰপ অদৃষ্ট নহে, পিতা মাতার ছঃথে আমাকে দিবানিশি দক্ষ হইতে হইবে, আপনি আমাকে যতই কেন তাল বাদেন না, আমি যতই কেন এমর্য্যের অধীশ্বরী হই না, সে পোড়া হইতে কিছুতেই পরিত্রাণ পাইব না। যেহেতু আমাহইতেই ভাঁহাদিগের দারুণ যন্ত্রণা উপস্থিত হইয়াছে। আমিই ভাঁহাদের ছঃখের এক মাত্র কারণ হইয়াছি। নবাব জিজ্ঞাসিলেন সে কি প্রকার, তুমিতো ভাঁহাদিগকে কন্ঠ প্রদান কর নাই, তবে তোমাহইতে ভাঁহাদের ছঃখ কি ? অনম্বতী কহিলেন শ্রবণ করুন। আপনি আমাকে হরণ করিয়া আনাতে কুটুম্বেরা পিতার জাতিভ্রংশ করিয়াছেন। তাহার। ভাঁহাকে সমাজ চ্যুত করিয়া নিমন্ত্রণাদি রহিত করাতে পূরোহিতে যাজকতা পরিত্যাগ করিয়াছেন ৷ এবং সেইজন্য নাপিতে

ক্ষৌর, রজকে বস্ত্র খৌত করিতে অসমত হওয়াতে পিতা দখ চুল ধারণ করিয়া মলিন বজ্রে দিবা-নিশি পথে পথে রোদন করিয়া বেড়াইতেছেন হায়! আমি কি পাপীয়দী আমি তাহার কোন উপায়ও করিতেছি না, ভুমণ্ডলে আমা অপেক্ষা কৃতন্নী আর কে আছে। যে পিঠা আজন্ম শৈশবাবস্থা হইতে যৌবন-কাল পর্য্যন্ত অতিয়ত্ত্বের সহিত আমাকে লালন পালন করিয়াছিলেন আমি তার উপকার নাকরিয়া বরং জাঁহাকে অকূল ছঃখ-সাগরে নিমগ্ন করিলাম। এই বলিয়া অনঙ্গবতী পুনর্কার রোদন করিতে লাগিলেন। নবাব কহিলেন এই তুচ্ছকথার নিমিত্ত রোদন করিবার তোমার পিতাকে অতুল ঐশ্র্য্যের অধিপতি করিয়। স্ক্রাতি জনগণ মধ্যে প্রধান কুলীন করিয়া দিতে পারি তজ্জন্য চিন্তা কি ? ক্রোন্দন সম্বরণ কর ৷ আমি যাহা আদেশ করিব তাহা প্রায় দকলৈরই শিরোধার্য্য। আমার আজ্ঞা অমান্য করে এনপ

লোক এদেশে নাই, তবে যদি দিল্লীর বাদ সাহ বালিন, ভাঁহাকেই বা ভয় কি তিনিতো আমার সমযোগ্য তবে যে ভাঁহাকে কর প্রদান করি, সে কেবল অনুগ্রহ, মনে করিলে এই দণ্ডেই রহিত করিতে পারি ! প্রেয়সী তুমি আমাকে নিতান্ত অক্ষম বিবেচনা করিও না এই দেখ (দক্ষিণ হস্ত উত্তোলন করিয়া) দে দিবদ এই হত্তে উৎকল জয় করিয়া তথা হইতে কত হন্তী, ও কত অর্থ আনয়ন করিলাম। আবার হয়তো এই হত্তে সাহবালিমকে পরাজয় করিয়া আপনার রাজ্য স্বাধীন করিব। অতএব তোমার পিতার জন্য আমাকে কি করিতে হইবে এক্ষণে পরিজ্ঞাত হইলে কর্ত্তব্য কর্মের অনুষ্ঠান করি 1

অনঙ্গবতী কহিলেন যেসকল মোদকেরা আমার পিতাকে সমাজ ভ্রম্ট করিয়াছেন ভাঁহারা এবং ব্রাহ্মণ মহাশয়েরা আমার পিতালয়ে আসিয়া নির্কিবাদে ভোজন করিলে এছঃখ বিমোচন হয়। অতএব আপনি ইহার উপায়ান্তর চিন্তা করুন। •তাগরণখাঁ কহিলেন এ কোন্ বিচিত্র কর্ম। কল্য প্রাতেই ইহার উচিত বিধান করিব।

যে দিবদ নবাবের সহিত অন দ্বতীর এই ৰূপ কথে পকথন হয় তাহারই ছুই তিন দিবদ পরে, বর্দ্ধমান অঞ্লে একটা জনরব শুনিতে পাওয়া গেল। তাহার মর্দা এই " যেব্যক্তি নিমন্ত্রিত হইয়া কন্দর্পদাদের বাটীতে আহারাদিনা করিবেন নবাব তাগরণখাঁর আজ্ঞায় তাহার উচিত্মত দণ্ড হইবে " কথিত আছে নবাব তাগরণখাঁ পর দিবদে একখানি পত্রিকা একজন পত্র বাহক দারা বর্দ্ধমানের ফৌজদারের নিকট পাঠাইয়া-দেন তদন্দারে তথাকার ফৌজদার কন্দর্প দাদের সহিত সন্মিলিত হইয়াই এইৰূপ ঘোষণাপত্ৰ প্ৰচাৱ করিয়াছিলেন।

ক্রমে এই সংবাদ রাষ্ট্র হইলে মোদকেরা বর্জমান পরিত্যাগ করিয়া পলাইতে আরম্ভ করিল। কিন্তু অধিকাংশ লোককে ফৌজদারের লোকেরা বল পূর্বক কন্দর্প দাসের নিমন্ত্রণ গ্রহণ করাইল। যাহারা পলায়ন করিরাছিল তাহাদের মধ্যে, কতকগুলি সপ্তথ্যামে, কতকগুলি মহম্মদাবাদে, কেহ কেহ বদন্ত পুরে বদবাদ করেন। ইহাতেই মধুমোদকদিগের কএকটা তিন্ন তিন্ন দমাজ নির্দিষ্ট হইয়া থাকে নতুবা ইহারা পূর্কে দকলেই এক দম্পদায় দন্তুক্তছিলেন। ইহাকেই কন্দর্প থাকা কহে। এই ব্যাপার বাঙ্গালা ৬৪৬ অন্দে ঘটিয়াছিল। তথন ষ্ঠীপুত্রের ব্য়ংক্রম পঞ্চ দশা বৎসর হইবে।

### পঞ্চম পরিচ্ছেদ।

#### তরুতলে।

বর্জমান হইতে পলাইরা যাঁহারা সপ্তগ্রাম অঞ্চলে বসতি করেন তাহাদের মধ্যে স্থানিধর দাস এক জনা ষষ্ঠীপুত্র তাঁহারই জ্যেষ্ঠ পুত্র ষষ্ঠীপুত্রের আর তুই কনিষ্ঠ সহোদর ছিল তন্মধ্যে একেরনাম গঙ্গা-বর, ইনি নিঃসন্তান, দিতীয় হরিশাং জ ইহার বংশপরম্পরা লোকেরা এই নামের অপাভ্রংশে হরিভঙ্গ দাসের সম্ভান বলিয়া পরিচয় প্রদান করেন। স্টেখর নিতান্ত নির্ধন ছিলেন না ভাঁহার বিলক্ষণ সঙ্গতিওছিল সেই জন্য তিনি অতি অম্পকালের মধ্যে পুজবধূর মুখাব-লোকন লালসায়, চাকদাহ নিবাসী গুণসাগর মোদকের কন্যার সহিত স্বীয় জ্যেষ্ঠ পুজ ষ্ঠী-পুজের বিবাহ দিয়াছিলেন। ক্ষণে ষ্ঠীপুজের সেই সহধর্মিণী ভাঁহাকে পথে পরিত্যাগ করিয়া গমন করিতেছেন।

ষষ্ঠীপুত্র ইহার কিছুই অবগত নহেন অনুমান
হয় তিনি তখন বিরামদায়িনী নিদ্রাদেবীর
প্রসাদে বিমলানন্দ উপভোগ করিতেছিলেন।
কারণ প্রগাঢ় নিদ্রা, বা সুস্বপ্ন ভিন্ন নিদ্রাবস্থায়
হুংসপ্ন দর্শন করিলে তৎক্ষণাৎ নিদ্রাভঙ্গ হইয়া
মনুষ্যকে জাগরিত করে। তিনি পুনর্কার
হয় তো স্বপ্লাবস্থায় রথ যাতা দর্শন করিতেছেন
না হয় স্বদেশে আসিয়া প্রতিবেশীমণ্ডলে জীক্ষে-

তের বিবরণ বির্ত করিতেছেন। কিন্তা আয়জ আয়জার মুখাবলোকনে আনন্দ অনুতব করিতৈছেন তাহার আর সন্দেহ কি ।

এমত সময়ে কাল মাহাল্যগুণে গগণমগুল মেঘাচ্ন হইয়া বিল্ড বিল্ড বারিধারা পতিত হওয়াতে ষষ্ঠীপুজের গাত্রাচ্ছাদিত বস্ত্রখানি আদ্র হইলে তিনি জাগরিত হইলেন ৷ এবং গাতোখান করিয়া দেখিলেন নিকটে জনমানবও নাই তখন শশব্যস্ত হইয়া স্বীয় কন্ধালে হস্ত প্রদান কৃত্রি-লেন দেখিলেন টাকা নাই৷ তথন ভাঁহার দৰ্কাঞ্জ কাঁপিয়া উঠিল, আতক্ষে পিপাদায় . তালুদেশ শুদ্ধ হইয়া আদিল, ও মন্তক ঘুরিতে লাগিল ৷ তথ্ন তিনি রুক্ষয়লে মন্তক রুক্ষা করিয়া ক্ষণকাল নিস্পন্ধভাবে থাকিলেন৷ পথে যে দূই একজন লোক যাতায়াত করিতে ছিল তাহারা অনায়াদে বুঝিতে পারিলেন যে ইহার সঙ্গিরা ইহাকে পরিত্যাগ করিয়া গিয়াছেন।

यश्रीभूटलत मः । लाज इहेन वटि, कि.स

তৎপশ্চাৎ পশ্চাৎ চিম্ভাও আনিয়া উপস্থিত হইল ৷ চিন্তা করিয়া চিন্ত চাঞ্চল্য-জন্য কর্ত্ব্যা-কর্তব্যের কিছুই স্থিরতা করিতে পারিলেন ना, क्वल निःभस्म हक्कः इटेरा वादि विक्रुत পর বারিবিশ্ছ পতিত হওয়াতে বক্ষঃস্থল প্লাবিত হইল এইৰূপে বেলা দিতীয় প্ৰহর অতীত হইল তথাপি কোন বিষয় মীমাংসা হইল না, নিদ্রাভঙ্গরে পর যেভাবে বসিয়াছিলেন এক্ষণে ও দুসই ভাবে বদিয়া আছেন ৷ এমত কালে যেন কোন ব্যক্তি সহদা ভাঁহার পশ্চাৎদিগ হইতে মধুর স্বরে কহিলেন; "ষষ্ঠীপুজ্ঞ রোদন সম্বরণ কর এমন দিন থাকিবে না, এক্ষণে সময়োচিতকর্মের व्यक्षांत्म यञ्जवान २७"। यथीशुळ शण्ठान्तिरा पृंचि পাত করিলেন কিন্তু এই বাক্য কোথা হইতে কে কহিল তাহার কিছুই অনুসন্ধান করিতে পারিলেন না, মধুর ভাষিণী আশাদেবী ষষ্ঠী-পুজের কর্ণকুহরে আখাদ বাক্য প্রদান করিলে কিঞ্চিৎবিশ্বস্ত হইয়া আশা পথ অবলম্বন

कतिला वनम् हिशिष्ठेकथिल हर्वन कतिया. জল পান করিলেন। যাহার যতই কেন ছঃখ উপস্থিত হউক্সা এবং যিনি যতইকেন শোক সম্ভপ্ত হউন না, ভোজনে অনেকাংশ নির্ভ হয়। यधीपुद्ध किक्षिष्मुष्ट इरेग्ना मतन मतन हिन्छ। করিলেন একণে কর্ত্তব্য কি ? স্বদেশের পথ অবলম্বন করি, কিম্বা পুরীতেই পুনর্বার কিরিয়া যাই এইৰপ বারন্তম আন্দোলন করিলে স্বদেশের প্রতি বিশ্বেষভাব জন্মিল ৷ ভার্য্যার কুব্যব-हारत मरमारत घुनारवाथ इहेन। यस रेव्राभा ভাবোদয় হওয়াতে যাৰজ্জীৰন তীৰ্থ পৰ্য্যটনে অতিবাহিত করিতেই মানস করিলেন। বুক্তি দেবী তাহাকেই সদ্যুক্তি বলিয়া উপদেশ প্রদান করিলেন 1

ষষ্ঠীপুত্র বৃক্ষমূলে উপবেশন করিয়াছিলেন গাত্রোত্থান করিলেন, ক্রমে দণ্ডায়মান হইয়া পশ্চিমাভিমুখে দৃষ্টিপাত করিয়া দেখিলেন বেলা প্রায় অপরাত্র, ক্মলিনী নায়ক তগবান মরীচিমালী অন্তাচল চূড়াবলম্বী হইতে আর অধিক বিলম্ব নাই, অতএব নিকটে যে কোন গ্রামে হউক অদ্যকার রজনীযাপন করিয়া কল্য ইচ্ছামত গমন করা যাইবে। মনে মনে এই ভাবিয়া বৃক্ষ মূল পরিত্যাগ করিলেন।

. বৃক্ষমূল পরিত্যাগ করিলেন বটে কিন্ত কোন দিগে গমন করিবেন এবং কোন্ দিগে গমন করি-লে নিকটে লোকালয় প্রাপ্ত হইবেন, চিন্তা করিয়া ইহার কিছুই নির্ণয় করিতে পারিলেন না, সেই জন্য একবার পশ্চিমমুখ, একবার উত্তরমুখ তৎপরে পূর্ব্বমুখ হইয়া দাড়াইলেন এবং দক্ষিণ দিগ হইতে আদিয়াছিলেন দেদিগে নিকটে গ্রাম नारे जानिया जात त्मितिरा मूथ किंदारेलन ना, এই ৰূপে ক্ষণকাল চিন্তা করিয়া অবশেষে পুর্ব্বাভিমুখেই গমন করিতে বাসনা করিলেন। সেদিগে একটা অপ্রশস্ত গ্রাম্য পথ দেখিতে পাইলেন সেই পথাবলম্বী হইয়া প্রায় দেড়জোশ অতিবাহিত করিলেন। কিন্তু এপর্য্যন্ত জনমানবের

সহিত সাক্ষাৎ না হ্ওয়াতে মনে মনে শকার মুক্ত হইলেন এবং কি করিবেন কোথায় ঘাইবেন এদিগে প্রাম আছে কি না, যদি থাকে, তবে কত দুরে, ইত্যাদি নানাপ্রকার চিন্তায় নিমগ্র হইয়া পুনর্কার কিঞ্জিৎকাল দপ্তায়মান হইলেন 1

সন্ধ্যাকাল উপস্থিত। সে দিবস শুক্ল সপ্তমী প্রযুক্ত শশধর গগণমণ্ডলের মধ্যভাগেই অবস্থিতি করিতেছিলেন, এক্ষণে সন্ধ্যা সমাগমে সুধাংশু সুস্নিশ্ব কিরণজাল অংশে অংশে বিস্তারিত করাতে দিছুমণ্ডল, গগণমণ্ডল, ও ভূমণ্ডল, সর্ববত্রই জ্যোৎসাময় হইয়া অপূর্ব্ব শোভা ধারণ করিতে লাগিল এবং জ্যোৎস্নালোকে সমুদায় পদার্থই (यन नृज्य क्रिंट्ज शांकिन । किंख (म (मोमर्घ) है वा কে নিরীক্ষণ করে। তৎকালে ষষ্ঠীপুক্ত যদি স্বজনগণে পরিরত হইয়। স্বত্তবনে অবস্থিতি করিতে পারিতেন তাহা ইইলেও এইৰূপ মনোহর শোভা मनम्भरित मूर्थानूङरित मन्ध् इहेर्डिन। अक्सरी ভিনি নিরাশ্রয়, নিরাহারে, জনপ্ন্য প্রান্তরে, সহায় সম্বল বিহীনে যে বিপদগ্রস্ত হইয়াছেন, ক্ষিথকারে
সেই স্কল বিপদ হইতে পরিত্রাণ পাইবেন সর্বাদা
ভাহারই চিস্তা করিতে থাকিলেন এবং ক্রমে ক্রমে
ছই একপদ করিয়া গমন করিতে লাগিলেন 1

এইৰপে ষ্ঠীপুত্ৰ অংশে অংশে গমন করিয়া আর কিছু পথ অতিক্রম করাতে এঞ্চী উদ্যান সমীপে আসিয়া পৌছিলেন। যখন তিনি সমুখে উদ্যান দেখিতে পাইলেন, তথন মনে মনে এইৰপ অনুমান করিলেন, যে, বাগানে অবশ্যই কোন মনুষ্য থাকিতে পারে, অতএব অদ্যকার যামিনী যাপনা-র্থে নাহয় তাহারই শর্ণাপন্ন হই। এবম্বিধ চিন্তা করিয়া বন্ধীপুদ্র উদ্যান খারে উপনীত হইয়া দেখিলেন দারটা পুরাতন হওয়াতে ভয়াবস্থায় অবারিত ভাবে পতিত রহিয়াছে, প্রবেশের কিছু মাত্র প্রতিবন্ধক নাই। অতএব সচ্চলে উদ্যানা-ভ্যন্তরে প্রবেশ করিলেন। কতিপর পদ গমন করিয়া সন্মৃথে একখানি পত্রকুটীর অবলোকন ক্রিলেন এবং অবিলম্বে কুটীর ম্বারের সমীপোশ্ছিত

হইয়া কহিলেন, "কুটীরে কে আছগো আমাকে কিঞ্চিৎ আশ্রয় প্রদান করুন"। এই বাক্য শুনিয়া এক জন কুটীরাভ্যম্ভর হইতে কিবলিয়া উত্তর দিলেন তাহা প্রায় অস্পর্ট কিছুই বুঝিতে পারা গেল না । সেইজন্য ষষ্ঠীপুক্ত আবার ডাকিলেন। এবারে একজন বৃদ্ধ আদিয়া দ্বার উদ্যাটন করিল, এবং কহিল ( তদ্দেশভাষায় ) তুমি কি ডাকিতে ছিলে ? ষষ্ঠীপুত্ৰ বলিলেন হঁ৷ আমিই ডাকিতেছিলাম ৷ বৃদ্ধ বলিল কি জন্য ? ় ষষ্ঠীপুক্ত কহিলেন আমি অতিথি নিকটে অন্য কোন স্থান না থাকাতে অদ্য আপনকারই আশ্রয় লইলাম, এক্কণে যাহা-তে নির্কিন্মে রজনী অতি বাহিত করিতে পারি আপনি তাহ।ই করণ। প্রত্যুত্তর প্রদানকালে বৃদ্ধ অধিক কিছু নাবলিয়া কেবল এইমাত্র কহিল; অভিরুচি হয় এইস্থানেই অবস্থান করুন, ইহাভিন্ন. অন্য কোন স্থান নাই। ষষ্ঠীপুত্ৰ কহিলেন নিরাশ্রয়াপেকা ইহাই যথেষ্ঠ ৷

धरेकार करथा भक्यनी खर्ज इक यष्टी भू करक

কিঞ্চিৎকাল অপেকা করিতে কহিয়া দ্রুত পদে • গৃহাত্যস্তরে প্রবেশ করত শোলা, চক্-মকী ও পাথর সহযোগে অগ্নোৎপাদন করিয়া দীপ প্রজ্ঞালিত করিল। তৎপরেই ষষ্ঠী-भूबाक गृह भर्या शायण कतिएक कहिल। यकी भूख भागां अत्या कतिर्तन । दक्त দীপালোকে তাঁহার মুখাবলোকন করিয়া কহিল, বাবুজী কি আমাকে চিন্তে পারেন? আমি সেই আত্মারাম জাঁড়া। বৃদ্ধ এই কথা বলিবা মাত্রেই ষষ্ঠীপুত্র তাহার প্রতি নেত্রপাত করিলেন, এবং কিঞ্চিৎকাল চিন্তা করিয়া কহিলেন, তুমি কি সপ্তপ্রামে হোধেদের বাটীতে ছিলে। আয়ারাম বলিল আড়েজ।

বর্ত্তমান কালে নানা দিগুদেশ হই তে সমাগত মানবেরা যেমন ব্যবসায়, বাণিজ্য বা চাকরি ছারা কলিকাতায় অর্থ উপ:জ্জন করিয়া থাকে, পূর্বে সপ্তগ্রামে সেইৰপ করিত ৷ তদনু-সারে আয়ারাম কয়েক বৎসর সাতগাঁর ঘোষে-

দের বাটীতে ছিল। ষষ্ঠীপুরের বাসস্থান যদিও, ধামাদে ছিল, তথাপি, তিনি সর্বাদা সপ্তগ্রামে থাকিতেন। যেহেতু তথায় ভাঁহাদের এক পণ্য-শালা ছিল ৷ আত্মারাম, ঘোবেদের দ্রব্য সামগ্রী ক্রম্ম করিতে সর্বাদা ভাঁহার দোকানে যাতায়াত করিত সেই জন্য ষষ্ঠীপুজ্র'ক চিনিতে অধিক বিলম্ব হইল না, এবং তৎপরে ষষ্ঠীপুত্রও চিনিতে পারিলেন 1

এইৰপে পরস্পার চেনা পরিচয় হইলে আয়া-রাম সেইরাতে নানাবিধ সুস্বাত্ত ফল মূল ও সুশীতল পানীয় আহরণ করিয়া ষষ্ঠীপুত্রকে পান ও ভো-জন করিতে দিল এবং আপনার বস্ত্রগুলি বিছাইয়া শ্য্যা প্রস্তুত করিয়া রাখিল। প্রথম আলাপেই সম্ভাষ্ট হইয়াছিলেন, একণে আবার আন্ধা ভক্তি দর্শনে ষ্ঠীপুত্র যার পর নাই আহ্বাদিত হইলেন ৷ পান ভোজন করিয়া সমস্ত রজনী কথোপকথনে ও নিদ্রাসুথে অতিবাহিত করিতে থাকিলেন। দিবদের প্রথম ভাগ হইতে যে

্সকল মনোবেদনা উপস্থিত হইয়া ছিল আত্মারা-त्मत अभिनत्न आंत्र निका प्रतीत अनुकल्लाय তাহার অধিকাংশই নিবারণ হইল।

ক্রমে রুজনীপ্রভাতা হইলে দিঙ্মগুল ও গগণ-মণ্ডল লোহিত রক্ষে রঞ্জিত হইয়া অপূর্কা শোভা ধারণ করিল। বিহঙ্গমেরা নানা প্রকার কলরব করিয়া প্রাতঃসারণীয় পরম পুরুষ পরমেশ্ব-রের গুনানুবাদ আরম্ভ করিলে, নিশাচরেরা ममल त्रक्रमी विज्तरभत भत छनरश्चाम् थ मूर्या व्यव-লোকনে তক্ষরের ন্যায় নির্জ্জন প্রদেশে প্রস্থান করিলে, ষষ্ঠীপুত্র জাগরিত হইয়া গাতোভাল করিলেন।

ब्रुटक्कत निक्षे विमाय यान्या कतित अञःभत বুদ্ধ সেদিবদ ভাঁহাকে তথায় থাকিতে বিস্তর অনু-রোধ করিল। কিন্তু ষ্ঠীপুত্র থাকিতে একান্ত অসমত হওয়াতে অগত্যা ভাঁহাকে একটা পথ দে-থাইয়া দিল, এবং কহিল এই পথে গমন করিলে সন্তবে কটকে পৌ ছিতে পারিবেন। ইতি-

পূর্বের ষষ্ঠীপুজের তীর্থ পর্য্যটনে যে অভিলাষ হইয়াছিল প্রথম কোন তীর্থে গমন করিনেন তা-হার কোন স্থিরতা ছিল না, সুতরাং রন্ধের বাক্যা-নুসারে সেই পথে গমন করিতে লাগিলেন, এবং किथि विनत्य का ठेयु डिंद नमी कृतन शास्त्रितारम আসিয়া পৌছিলেন। তথায় একজন মণিকারের নিকটে স্বীয় অঙ্গুলিহ্নিত অঙ্গুরী বিক্রয় করিয়। যৎকিঞ্চিৎ অর্থ সংগ্রহ ক্রিলেন। ষ্ঠীপুত্তের निकरे पक कर्शक्षक छल न।। (करल अर्थ অঙ্গুরীয়ক ছিল। উলোচনে পাছে নিদ্রা ভঙ্গ হয় দেই জন্য সঙ্গীলোকেরা গ্রহণে বঞ্চিত হইয়া ছিলেন নতুবা উহাও থাকিতনা। তদনন্তর ষষ্ঠী-পুজ কাটযুড়ির নদী পার হইয়া কটকে প্রবেশ ক্রিলেন ৷

## ষষ্ঠ পরিচেছন।

### क्रिक १

কটক অতি মনোহর স্থান ৷ পূর্বের জাজপুরের রাজা নৃপকেশরী কর্তৃক এই স্থানে রাজপাঠ সন্নি-বেশিত হওয়াতে উহা উৎকল খণ্ডের প্রধান রাজ ধানী হইয়াছিল, কথিত আছে পরেও অনেকে ত-থায় প্রধান প্রকোষ্ঠ সংস্থাপন করিয়া সমস্ত উৎকলদেশ শাসন করিয়াছিলেন। এক্ষণে ইং-রাজ রাজাদিগের তথায় সৈন্য স্থাপনও বিচারালয় সংস্থাপন হওয়াতে পূর্কাকার সৌভাগ্যের গৌরব কথঞ্জিৎ রক্ষা পাইয়া আসিতেছে ৷ সে যাহাহউক ষষ্ঠীপুজ্ঞ নগরে প্রবেশ করিয়া গমন করিতে করিতে অবলোকন করিলেন। এক স্থানে একজন মিষ্টান্ন বিক্রেতা বাঙ্গালী নানা বিধ নিষ্টান্ন প্রস্তুত করিয়া বিক্রয় করিতেছেন। ঘটনা ক্রমে হউক বা তৎকালে ভাঁহার মনোমধ্যে অন্য কোন ভাবে৷-

দয় হওয়াতেই হউক, ষষ্ঠীপুত্র ভাঁহার পণ্য-শালায় উপস্থিত হইয়া জিজ্ঞাদা করিলেন, মহা-শয়, আপনার নাম কি 🤊 এবং নিবাস কোথায়. আর কতদিবদ হইল এম্থানে আদিয়া ব্যবদায়াদি আরম্ভ করিয়াছেন, এই সকল জানিবার জন্য আমার অন্তঃকরণে একান্ত অভিলাষ হইয়াছে. অতএব আপনি আলু পরিচয় প্রদান করিলে यरथेक वाधिक इहे, त्यत्हकू वाश्रनातक छे ६ कन বাসী বলিয়া প্রতিপন্ন হইতেছে না৷ প্রথনক \* ষষ্ঠীপুত্রের বাক্য প্রবণ করিতেছিলেন, এপর্য্য-ন্ত কোন প্রত্যুক্তর প্রদান করেন নাই এক্ষনে ষষ্ঠা-পুলকে লক্ষ্য করিয়া জিজ্ঞানা করিলেন। আপনার নাম কি ? আমি কি আপনার পরিচিত ? না অন্যকোন স্থানে আপনার সহিত আমার পরি-চয় হইয়াছিল ? না, অন্য কোন স্থানে সাক্ষাৎ হয় নাই পূর্বেও পরিচিত ছিলাম না, কিন্তু এক্ষণে পরিচয় জানিতে বাসনা করি, এই বলিয়া পরে

<sup>\*</sup> বিপণিক।

তিনি কহিলেন আমার নাম বৃষ্ঠীপুত্ত জাত্যংশে মোদক এবং বসতি সপ্তগ্রাম প্রদেশাভ্যান্তরে।

এই কথা শ্রবণে বিপাণিক সম্ভূমে গাতোখান করিয়া ষষ্ঠীপুজকে বসিবার আসন প্রদান করি লেন পরস্ত ষষ্ঠীপুজ আসনে উপবেশন করিয়া স্বক্ত প্রশ্নের প্রভ্যুত্তর প্রত্যাশায় তাহার মুখা-বোলকন করিয়া থাকিলেন ৷ বিপাণিক বলিতে আরম্ভ করিলেন ৷

বলিলেন আমার পিতার নিকট শুনিয়া ছিলাম গৌড় দেশে লক্ষণাবতী নামে একটা রাজধানী ছিল অনুমান করিউহা আপনি পরিজ্ঞাত থাকিতে পারেন ৷

ষষ্ঠীপুজ কহিলেন হাঁ শুনিয়াছি তথায় লক্ষণ সেন নামে একজন বৈদ্য বংশীয় সমাট বাস করিতেন 1

পণনক বলিলেন সেই দেশেই পিতার পৈতৃক বসবাস ছিল। মহারাজের মিন্টান্ন প্রস্তুত কারি-গণের মধ্যে আমার পিতাই সর্বব প্রধান ছিলেন নেই জন্য পিতাকে মহারাজ অতিশয় ব্লেহ করিতেন। ভাঁহার নাম এরামজয় নাস।

একদা মহারাজ লক্ষণ সেন স্বীয় দূত প্রমুখাৎ প্রথণ করিলেন যবন সেনাপতি বথ তিয়ার আসিয়া সদৈন্য মহাবনে লুকাইত হইয়া রহিয়াছেন, সমর ক্রমে গৌড় রাজ্য জয় করিয়া লইবেন। তৎ-কালে গৌড়েশ্বর রাজা লক্ষণসেন অতিশয় রক্ষ হইয়াছিলেন, অনুমান হয় ইহাও আপানার অবি-দিত নাই। ষঠীপুল বলিলেন শুনিয়াছি, তথন ভাঁহার বয়ঃক্রম প্রায় অশীতি বৎসর হইয়া ছিল।

বিপণিক কহিলেন তক্ষন্য মহারাজ
লক্ষণ সেন আপনাকে অপারগ জ্ঞান করাতে
কোন যুদ্ধ উদ্যোগ না করিয়া তৎপরিবর্ত্তে স্বরাজ্য
পরিত্যাগ পূর্বক তীর্থ যাত্রা ছল করিয়া সপরিবারে পলায়ন পুরঃসর পুণ্যধান শ্রীপুরুষোত্তমে
আসিয়াছিলেন ৷ মহারাজের অনুরোধে পিতা
আমার মাতাকে সঙ্গে লইয়া সেই সমতিব্যাহারে

আসিয়াছিলেন এবং কিছু দিন মহারাজের আজ্ঞানুধর্তা হইয়। ভাঁহার নিকট অবস্থিতি কবিতে লাগিলেন ৷

তদনন্তর অপহত রাজ্যের শোকেই হউক বা বাৰ্দ্ধক্যদশা প্ৰযুক্তই হউক মহারাজ মানবলীলা সম্ব-রণ করিলে, পিতাকে নিঃসহায় হইতে হইয়াছিল। মূত্রাং তখন তিনি আপনার উপায় আপনি িন্তা করিতে লাগিলেন। পরে এইস্থানটা ব্যব-দায়োপযোগী বলিয়া ভাঁহার মনোনীত হও য়াতে পুরী পরিত্যাগ করিয়া এই স্থানে আদিয়া বদবাদ করিয়াছিলেন। এই স্থানেই আমার জন্ম স্থান। আমার নাম রুফ্ছরিদাদ। পরিচয় স্থলে শিষ্টাচার প্রদর্শনার্থেই হউক, কিম্বা শুদ্রমাত্রের দাসত্ব স্বীকার করা উচিত বোধেই হউক, আপনার নিকট দাস বলিয়া পরিচয় প্রদান করিলাম। নতুবা আমরা বিশাস। পিতা বহুকালাবধি রাজসংসারে অতি বিশ্বন্ত ৰূপে কর্ম করাতে, মহারাজ পিতাকে বিশাস উপাধি প্রদান করিয়াছিলেন ৷ এই কথা বলিয়া রুফ্ডরি তুটী: ভাব অবলম্বন করিলে ষ্ঠীপুত্র পুনর্বার ভাঁহাকে জিজ্ঞাসা করিলেন ৷

বলিলেন মহাশয় বর্তুমান কালে মধুমোদক,
জাতি মোদক, কুর্নিমোদক, নাপিতমোদক ও
শিউলিমোদক প্রভৃতি যে সকল মোদকেরা অস্যুদেশে বিদ্যমান রহিয়াছেন তন্মধ্যে আপনি কোন্
বংশে জন্মগ্রহণ করিয়াছেন এবং বলিতে পারেন
আপনাদের পূর্ব্ব পুরুষের নাম কি ?

রুষ্ণহরি কহিলেন আমি এক দিবস ত্রকথানি প্রন্থ লইয়া পিতার নিকট পাঠ করিতেছিলাম, তিনিও তাহা অনন্য মনে অবণ করিতে
ছিলেন। তৎকালে আমার বয়ংক্রম দ্বাদশ বর্ধের
অধিক হইবে না, সেইজন্য সকল বিষয় সম্যক্
প্রকারে অবগত হইতে নাপারাতে পাঠ্য বিষয়ে
কোন স্থলে সংশয় উপস্থিত হইলে সূত্রাং উহা
পিতার নিকট জিজ্ঞানা করিয়া জানিতাম।
পিতাও অতি সাবধান পূর্বক সমুদার অংশ

আমাকে বুঝাইয়া বলিতেন। সে দিবস এন্থের যে অংশ প্রাঠ করিতে ছিলাম। মোদকজাতি বর্ণসঙ্কর বলিয়া সেই অংশেই বর্ণীত হইয়াছিল। সেই নিন্দিত্ত পাঠ করিয়া অতিশয় সংশয়ারিত হওয়াতে উহা সত্য কি মিথ্যা এই তদন্ত জানিবার জন্য, তৎক্ষণাৎ পিতাকে জিজ্ঞাসা করিলাম। বলিলাম, পিতঃ মোদকেরা কি এইক্পেই জন্মগ্রহণ করিয়াছিলেন, না ভাঁহাদিগের উৎপত্তির অন্য কোন বিবরণ থাকিতে পারে ? এইকথা বলিয়া ভাঁহার প্রত্যুত্তর প্রত্যাশায় মৌনাবলম্বন করিলে তিনি বলিতে আরম্ভ করিলেন।

পিতা কহিলেন—বর্ত্তমান কালে বাঙ্কালাদেশে যত প্রকার মোদক আছে তাহারা সকলেই যে একবংশ সন্তুত এরপ আমি বলিতে পারি না । কারণ ইহারা প্রত্যেকেই ভিন্ন ভিন্ন সময়ে এক এক ফুল বংশ হইতে সমুৎপন্ন বলিয়া প্রতিপন্ন হইয়া থাকে । অতএব সমস্ত মোদকেরাই যে বর্ণ সঙ্কর হইবে ইহা কোন ক্রমেই সম্ভবপর বোধ হয় না । পুরাণ নির্দ্দিষ্ট বাক্য ছারা কেবল এইমাত্র অনুমান, করা যায় যে ইহাদিগের মধ্যে কোন না কোন মোদকেরা অবশ্য সম্ভর জাতি হইতে পারে 1 কিন্তু আমরা মধুমোদক, আমাদের আদি পুরুষের নাম বিশ্বদাদ।

কোর্ন সময় পার্কতীর বর প্রভাবে তিনি জলবিম্বে জন্মগ্রহণ করাতেই ভাঁহার নাম বিম্বদাস রক্ষিত হয়। এই কথা বলিয়া পিতা মৌনাবলম্বন করিলে, বিম্বদানের উৎপত্তি বিবরণ শুনিবার জন্য আমার একান্ড কৌতৃহল জন্মিল। সেইজন্য পুনর্কার জিজ্ঞাস। করিলাম পিতঃ ভগবতী কি জন্য বিদ্ব দাসকে স্ক্রন করিয়াছিলেন, এবং বিম্বদাসই বা কি জন্য মধুমোদক নামে ভূমগুলে পরিচিত হইয়া ছিলেন, উহা যদ্যপি আপনি অবগত থাকেন তাহাহইলে অনুগ্রহপূর্বক আমার নিকট প্রকাশ করুন। কারণ মধুমোদক বংশে জন্মগ্রহণ করিয়া যে ব্যক্তি বিম্বদাসের উৎপত্তি বিষয়ে অনভিজ্ঞ তাহাকে সর্বাদা অন্যের নিকট হাদ্যাস্পাদ হইতে হয়। • অতত্রব মধুমোদকদিগের উহা প্রবণ কর। নিতান্ত আবশ্যক।

আমার নিকট এবস্প্রকার প্রশ্ন শুনিয়া
পিতা কহিলেন—পূর্ব্যকালে একদা দেবীকাত্যায়নী চিরায়তীত্রত করিতে অভিলাষিণী হওয়াতে
তৎপূর্ব্যদিবদীয় কর্ত্তব্য কর্মের অনুষ্ঠান জন্য
যত্রবতী হইয়া, স্বীয় পতিকে কহিলেন নাথ,
অবগাহনার্য অদ্য আমি মন্দাকিনীতে গমন
করিতেছি আপনি একজন ক্ষোরকারকে তথায়
পাঠাইয়া দিবেন 1

ব্রত কিম্বা উপবাস করিতে হইলে ব্রতাচারী
ব্যক্তিকে তৎপূর্ববিদিবস কেশ মার্জ্জন, নথর ছেদন,
ও হবিষ্যায় ভোজন ছারা সেদিবস অতি বাহিত
করিতে হয় ৷ সেইজন্য ভগবতী পতির নিকট
ক্ষৌরকারের প্রার্থনা করিয়া ছিলেন ৷

মহাদেব কহিলেন "তুমি অগ্রসর হও পশ্চাতে ক্ষৌর কারকে পাঠাইতেছি" এইকথা বলিয়া ভগবটিকে বিদায় করিলে ভগবতী মন্দাকিনী তীরোন্দেশে গমন করিলেন। এবং তথায় উপনীত হইয়া অন্য অন্য কর্ত্তব্য কর্ম সমাপনান্তে, ক্ষৌরকারের আগমন অপেক্ষায় অপেক্ষা করিতে লাগিলেন। কিন্ত বহুক্ষণপর্যান্ত ক্ষোব্রকার তথায় উপস্থিত না হওয়াতৈ দেবী অকার্য্যে কার্য্য জ্ঞান করিয়া এক এক বার মন্দাকিনী সলিল করপন্ন ছারা সঞ্চলন করিতে থাকিলেন। এইকপে যথেচ্ছাক্রমে স্লিল স্ঞালন ক্রাতে স্লিলাভান্তর হইতে একটা বিশ্ব উৎপন্ন হইল। দেবা সেই বিশ্ব মধ্যে আপনার প্রতিকৃতি অবলোকন করিয়া, পুরুষ জ্ঞানে তাহাকেই জীবন প্রদান করিলেন। এবং বিম্ব হইতে জন্ম বলিয়া তাহার নান বিম্বদাস বাখিলেন।

পিতা কহিলেন যৎকালে ভগবতির বাক্য প্রভাবে বিম্বদাস জন্মগ্রহণ করিলেন সেই সময়ে মহাদেবের প্রেরিত একজন নরসুন্দর, দেবীর সন্মুখে সমুপন্থিত হওয়াতে, দেবী তাহা ছারা ক্লাপনার কর্ত্তব্য কর্ম সম্পন্ন করিয়া লইলেন। তৎপরে উভয়কে সমভিব্যাহারে লইয়া কৈলা সাভি-মুখে প্রস্থান করিলেন।

त्य वःख्रि महारमत्वत्र निकृष्ठे इहेर्ड था-সিয়াছিল, তাহার নান হাড় দাস। তিনিও বিম্বদাসের ন্যায় অসম্ভব ৰূপে উৎপন্ন হইয়া-ছিলেন, কথিত আছে জগবতী, পতির নিকট বিদায় গ্রহণ করিয়। মন্দাকিনী তীরে গ-ননু করিলে পর ভগবান পঞ্পতি, ভগবতীর বাক্য বিগ্যাত হইয়া নিশ্চিত মনে কণ্ঠস্থিত অস্থিনালা ছড়াটা পরিস্কার করিতে লাগিলেন। এমন সময় সহদা ভাঁহার দারণ হইল, যে দেবী তাঁহার নিকট একজন কোরে কারের প্রার্থনা করিয়া স্থানাথে মন্দাকিনীতে গমন ক্রিয়াছেন। অতএব অস্থিনাল্য হইতে যে দকল মলা নিৰ্গত হইয়াছিল, উপস্থিত মতে তাহাতেই একটা পুত্তল নির্দাণ করিয়া তাহাকে জীবন দান করিলেন ৷ সেইজন্য তাহাঁর

নাম হাড়নাস হইল। এবস্প্রকারে হাড়দাস্ব জন্মগ্রহণ করিয়া মহাদেবের নির্দ্দেশ:নুসারে ক্লোরোপযোগী অস্ত্রাদি গ্রহণ পূর্বক ভগবতীর নিকটে আগমন করিল দেবীও তদ্বারা তৎকার্য্য সম্পন্ন করিয়া লইলেন।

অনন্তর কিছুদিন পরে, একদা হাড়দাস ও বিম্বদাস উভয়ে মিলিত হইয়া ভগৰতীর নিক্টে আগমন পূর্বক জিজ্ঞাসা করিল, মাতঃ! এক্ষণে আমরা কোনু রুত্তি অবলম্বনে জীবন যাত্রা অতি বাহিত করিব, অনুমতি হইলে তাহাতেই একান্ত যত্নবান হই । এই কথা বলিয়া উভয়ে ক্তাঞ্জলি পুটে দেবীর সম্বর্থে দণ্ডায়মান থাকাতে, ভগবতী প্রথমত হাড়দাসকে সম্বোধনপুর্বক কহিলেন, " হাড়দাস ! তোমাকে যের্ত্তি প্রদত্ত হইয়াছে তদ্বারা সচ্চন্দে তোমার জীবিক। নির্বাহ হইকে পারিবে ৷ অতএব তুমি অবনীতে অবতরণ পূর্কক উক্তবৃত্তি অবলম্বনেই কাল্যাপন করিতে থাক। " এইকথা শুনিয়া হাড়দাস দেবীকে প্রণতিপুরঃসর

্তথাহইতে প্রস্থান করিলেন এবং অবিলয়ে ভূমগুলে আগমনপূর্বক ক্ষৌরকার্য্য প্রচার করিতে লাগিলেন 1

অতঃপর ভগবতী বিম্বদাসকে বলিলেন "তুমি আমার মধুবন রক্ষায় নিযুক্ত থাক" বিম্বদাস তাহাতেই সমত হইয়া কিছুদিন তৎকার্য্য সম্পন্ন করিতে থাকিলেন। এবং মধ্যে মধ্যে মধ্যংগ্রহ করণান্তর নানাবিধ মিষ্টান্ন প্রস্তুত করণের কৌশল স্ফিকরিতে লাগিলেন। ইতিমধ্যে ভগবতীর গণপতিসামে, গজানন বিশিষ্ট পুত্রটী জন্মগ্রহণ করাতে, বিখদাস তাঁহাকে সম্ভর্ম করিবার মানদে প্রতিদিন মিষ্টান্ন প্রস্তুত করিয়া ভোজন করাইতে লাগিলেন। ইহাতে গণপতি বিশ্বদাদের প্রতি সদয় হইয়া সময়ক্রমে তাহাকে এই বলিয়া বর প্রদান করিলেন, যে, "তুমি মিষ্টান্ন প্রদান করিয়া আমাকে সমুষ্ট করিয়াছ তোমার নিষ্ঠান দার। সমস্ত দেবতারাও সম্ভুষ্ট হইবেন। এবং মিষ্টান্ন দ্ৰব্য, পৃথিবীস্থ সমস্ত দ্ৰব্যাপেক।

সমধিক আদরণীয় বলিয়া সকলের নিকট সমাদৃত হইবে। অতএব তুমি, অন্য হইতে ভূমগুলে এবতরণ পূর্বক মণুমোদক উপাধি গ্রহণ করিয়া, মিফীন দ্বব্য প্রচার বিষয়ে যত্মবান হও ।"

বিম্বদাস এক্সকারে গণপতির নিকট বর প্রাপ্ত হইয়া ভাঁহাকে অভিবাদন পূকাক তথা হইতে প্রস্থান করিলেন ৷ এবং অবনীতে আগমন করিয়। স্বর্ত্তি অবলম্বনেই সাধারনের নিকট মধু মোদক বলিয়। পরিচিত হইতে লাগিলেন। পিতা এইপর্যান্ত বলিয়াই এ আখ্যায়িকা সমাগু করিরাছিলেন ৷ অতএব মহাশয়ের নিকট আমি আর অধিক বলিতে পারিলাম্য। এইবলিয়া কৃষ্ণহরি ষ্ঠীপুত্রকে জিজ্ঞাদা করিলেন। মহাশয় আপনি কোন্ বংশ সন্তুত ষ্ঠীপুত্ৰ কহিলেন, "মহাশয় এপর্যান্ত যেবংশের উল্লেখ করিতেছিলেন, এনুরাধমও সেই বংশকে কলন্ধিত করিতেই জন্ম গ্রহণ করিয়াছে।"

ক্ষহরে যতীপুত্রের মুখে এব্দিধ খেদযুক্ত বাক্য

শ্রবণ করিয়। কহিলেন, মহাশয় আপনাকে দেখিতেছি জগন্নাথ দর্শনার্থী যাত্রীর ন্যায়, কিন্তু আপনার সঙ্গে জন মানব নাই। অতএব আপনাকে জিজ্ঞাসা করি, আপনি কি যাত্রী সম্প্রদার ত্যক্ত হইয়া পান্তনিবাস ভ্রমে আসিয়া-**एहन** १ नो अना (कान श्रद्धां कन वनकः अमिर्ग আসিয়াছেন গু যদ্যপি বলিতে কোন প্রতিবন্ধক না থাকে তাহা হইলেপ্রকাশ করিয়া চ্ট্রিতার্থ করুন। विशेशुख िख। युक्त इरेलन किन्छ कि विलिदन তাহা স্থির না হওয়াতে একটা দীর্ঘ নিশাদ পরিত্যাগ করিলেন। অমনি মুখনী বিবর্ণ হইয়। আদিল এবং তাহার দঙ্গে দঙ্গেই চকু হইতে অঞ কণা বিগলিত হইতে আরম্ভ হইল। দেখিয়া কুষ্ণহরি অতিশয় বিসায়ান্তিত হউলেন এবং মনে মনে চিন্তা করিলেন একি ! অনুমানহয় পথে আসিয়া ইহার কোন আলীয় বিয়োগ হইয়া থাকিবে ৷ নতুবা সহদা এৰপ বিকল চিত্ত হইয়া রোদন করিবার তাৎপর্য্য কি ? যাহাইউক

ইহার কারণ জানা আবশ্যক। এই তাবিয়া কহিলেন মহাশয়। বৈর্য্যাব্লম্বন করুন সহসাং মনোমধ্যে একপ তাবের আবির্তাব হইবার কারণ কি 
অনুগ্রহ পূর্বক সমুদায় প্রকাশ করিয়া বলুন।
যেহেতু আমরা শুনিয়াছি মনুযোর শোক বা ছঃখ
প্রথমত যত বন্ধিত হয় অন্যের নিকট ব্যক্ত করিলে
তাহার অধিকাংশই লাঘব হইয়া থাকে, অতএব
আপনি ব্যক্ত করুন। ওকপ মনস্থাপ সহ্য
করণের কিছু মাত্র ফল দেখিতেছি না বরং দিন
দিন মনস্তাপই বৃদ্ধি পাইবার সম্ভাবনা। এই
বলিয়া ক্রফহরি তুকীন্তাব অবলম্বন করিলেন।

ষষ্ঠীপুত্র কথঞিৎ ধৈর্যাবলম্বনপূর্কক কহিলেন
মহাণয়! জগতের গতি কিরুপ ? আমিতো তাহার
কিছুই বুঝিতে পারিলাম না। যাহার সঙ্গে জীবনাবিধি সম্মন্ধ নিরূপিত থাকে, পৌরাণিকের।
যাহারে অর্দ্ধান্ধী বলিয়া বর্ণনা করিয়াছেন,
স্বামী উপরতা হইলে সহমরণ গমনে যাহাকে
ব্যবস্থা প্রদান করেন, সেইস্ত্রী এবং যাহাদের

ত্রদায় পুরুষোত্তমে আদিয়াছিলাম দেই প্রতি-বেশীগন্ধ, কল্য আমাকে পীড়িত জ্ঞানে মুমুপ্তা বস্থায় রৃক্ষমূলে অবস্থিতি করিতে দেখিয়া পরিত্যাগ পুরঃসর সকলে প্রস্থান করিয়াছেন। কি আশ্চর্য্য! গমন কালে তাহাদের মনে কিছুমাত্র দয়া হইল না। হায়! যাহাকে আমি চির্জীবনের নিমিত্ত দুখ ছঃখের দৃঙ্গিনী বলিয়া জ্ঞান করিতাম এবং যাহাকে এপর্যান্ত পতিপ্রাণা বলিয়া একান্ত বিশ্বাস করিতাম, সেই বিশ্বাস ঘাতিনী পরিত্যাগ করিয়া যাইতে কি কিছুমাত্র লজ্জাবোধ করিল না ? এই কি তার ধর্ম না এই তার সতীত্ব ! ! ষষ্ঠীপুজ এই কথা বলিতে বলিতে ক্রোধে পরিপূর্ণ হইয়া উঠিলেন। এবং আরো বলিলেন, পূর্বের জানিতে পারিলে ইহার সমুচিত প্রতিকার করিতাম। যা হউক এজন্মের মত তাহার সজে সম্বন্ধের এক প্রকার শেষ হইয়া গেল. দেশেতো আর যাইবোনা, যাইবারত কথাই নাই যদ্যপি কোন ক্রমে খদেশে গমনাগমন ঘটিয়।

উঠে, তাহাহইলে যেন সেপাপীয়সীর মুখাবলোকন করিতে আর নাহয়। এই বলিয়া মণ্ঠীপুত্র মৌনাবলম্বন কালে হে পরমেশ্বর সকলই তোমার ইচ্ছা বলিয়া আর একটা গুরুতর নিশাস পরিত্যাগ করিলেন ৷ স্বজাতি সৌহার্দ্দ বশতঃই হউক কিম্বা অন্য কোন অভিপ্রায় বশতঃই হউক, রুঞ্চরি বলিলেন "তবে এই স্থানেই কিছুদিন অবস্থিতি क्र्न"। वंशिशुंख कहित्नन अक्रांप गतन गतन সঙ্গপে করিয়াছি তীর্থপর্য্যটনে গনন করিয়া তীর্থে তীর্থেই যাবজ্জীবন অভিবাহিত করিব। দেশের লোকের এবং ভাষ্যার ব্যবহারে সংসারে যাহার পর নাই ঘৃণা জন্মিয়াছে একমুহুর্ত সংসার আশ্রমে থাকিতে আর অভিলাষ হয় না। কুক্তহরি কহিলেন পৃথিবীতে এমন কোন স্থান নাই যথা মনুষ্যকে শোক বা ছঃখ ভোগ করিছে হর না ৷ এমন কোন অট্রালিকা নাই যথা মুত্যু প্রবেশ করিতে নাপারে, এমন কোন মনুষ্য নাই যিনি কথন বিপদগ্রস্ত হন নাই, এবং এমন কোন

দেবতা নাই যিনি নিরবচ্ছিন্ন মনুষ্যের মনে সুখ প্রদানে সক্ষম হন ৷ অতএব আপনি বিবেচনা করুন ইহা যদ্যপি স্পর্য্টই প্রতীয়মান হইতেছে. তবে যাবজ্জীবন তীর্থ পর্য্যটনের প্রয়োজন কি ? বরং এই স্থানে কিছু দিন অবস্থিতি করিয়া চঞ্চল চিত্তকে বশীভূত করাই কর্ত্তব্য হইতেছে। পরে যেৰূপ • বিবেচনায় ভাল বোধ করেন, তাহাই করিবেন। কিছু দিন এই স্থানে থাকাই যুক্তি যুক্ত বোধে ষষ্ঠীপুত্র আর কোন প্রত্যুত্তর করিলেন না কেবল সম্মতি প্রকাশ याज कतिलन । এই बार ये ये शे शुक्र करिक কুষ্ণহরি নোদকের আশাদে আশাদিত হইয়া আপাততঃঅবস্থিতি করিতে লাগিলেন ৷

# সপ্তম পরিচ্ছেদ।

মে'দকবনিতা।

কয়েক দিবসাতে মোদক নারী দেশীয় সঞ্চী দিগের পরামর্শে হাতের খাড়ু, কলি খুলিয়া রোদন করিতেই ধামাসে আসিয়া পোঁছিলেন 1 দ্যবা হইতে বিধ্বাদিগের বেশভূষা বিভিন্ন বলিয়। মোদক বধুর আকার প্রকার দর্শনেই প্রায় অনেকে অনুমান করিলেন যে, পথে ষষ্ঠীপুত্র মানবদেহ পরিত্যাগ করিয়াছেন। জিজ্ঞাদা বাহুলা নাত্র। ষষ্ঠাপুত্তের কনিষ্ঠ সহোদরেরা ভ্রাভূ জায়াকে অবলোকন করিলেন এবং ভাঁহার নিকট শুনি-লেন, পথে পীড়িত হইয়া জ্যেষ্ঠ নানবনীলঃ শমরণ করিয়াছেন। সুতর্গং তৎকালে। চিত कर्डवा कर्णात अनुष्ठान जना विधि नर्ज यह कतिर् नाशिरनन। अनिरक स्मानक त्राणी ना বুঝিয়া লোকের কথায় স্বামীকে পথে পরিত্যাগ করিয়া আসিয়াছেন, তজ্জন্য নানা প্রকার আগ ্রানি উপস্থিত হওয়াতে যার পর নাই মনস্তাপে नक इट्रेंट ल शिराना। अकाम क्रियार (या) নাই মনের আগুণ মনেই জ্বলিতে লাগিল। তখন তিনি ভাবিলেন আমি কেন এমন কুকর্ম করিলাম। আমার এমন ডুর্ববুদ্ধি কেনই বা ঘটিল, যে পারের

কথায় পতি হেন সামগ্রীকে বনবাদে রাখিয়া আদিলাম ৷ কেনু ভাঁহার নিকটে থাকিলাম না. কেবল আগারই দোষে তিনি মারা পড়িয়াছেন। বোধ করি আমি নিকটে থাকিলে যেকোন প্রকারে হউক আরোগ্য হইতে পারিতেন। হায় অমি কি পাপীয়দী। বলিতে 'কি আমি যে কর্ম করি-য়াছি মরিলে নরকেও স্থান পাইব না ৷ তিনি পীড়িতাবস্থায়, শুণু পীড়িত কেন একে বিদেশ, তাহাতে পীড়িত, আবার নিদ্রাবস্থায় ছিলেন, আমি না বলিয়। সহসা ভাঁহার নিকট হইতে চলিয়া আদিয়াছি: তিনি জাগরিত হইয়ানা জানি কতই বিলাপ করিয়াছেন এবং আমারে পতিঘাতিনী বলিয়া না জানি সে সময় কতই তিবুস্কার করিয়াছেন, অনুমান হয়, আম'র .আচরণ দেখিয়া মনের ছঃথেই প্রাণ পরিত্যাগ করিয়া থাকিবেন। হায়। অামি কি করিতে গিয়া কি করিয়া আদিলাম। তখন কি আমি ইহার কিছুই বুঝিতে পারিলাম না, এখন আমার উপায়

কি হইবে ৷ এই ৰূপে মনে মনে যতই আন্দোলন করিতে লাগিলেন, ততই তাহার শোকসিন্ধ উথসিয়া উঠিতে থাকিল ৷ দেখিতে দেখিতে নয়ন যুগল বাষ্প বারিতে পরিপূর্ণ হইয়া আসিল, তথন তিনি রোদন না করিয়া ধৈর্য্যাবলম্বন করিতে পারিলেন না ৷

भानक त्रमणी कान्सिटाइन । श्रीट मधादि সায়াহে এবং নিশি যোগেও বিরাম নাই। অন-বরতই কান্দিতেছেন ৷ ক্রমে মাস গেল জ্যেষ্ঠের প্রলোকে যাহাতে মঞ্চল হয় দেই অভি-প্রায়ে কনিষ্ঠেরা যতীপুত্রের শিশু সন্তান হারা শ্রাদ্ধাদি ঔর্দ্ধদৈহিক ক্রিয়া মুসম্পন্ন করাইলেন। এবং যথা নিয়মে ব্রাহ্মণ, নৈফব, অতিথি, অভ্যাগত দীন ছঃখীদিগকে ভোজন ক্রাইয়া বিদায় করিলেন, ক্রিয়া বাড়ী ক্রমে ক্রমে নিস্তর্ হইল ৷ কিন্তু তথাপিও মোদক নারীর ক্রোন্দন সম্বরণ হইল না। তিনি কান্দিতেছেন। হা নাথ'় হা জীবিতেশ্বর অনাথিনীর প্রাণবল্লভ

বলিয়া এক একবার ধূলায় লুঠিত হইতেছেন, বাটীর, অন্য অন্য সকলে সান্ত্রনা করিতেছেন, কিন্তু স্বয়ং অপারাধিনী বলিয়া কিছুতেই ধৈর্যাব-লম্বন করিতে পারিতেছেন না 1

অতিশয় প্রিয় অখ সধনবান, ৰপবান, গুণবান, সন্তান কিম্বা তদনুরূপ আগ্রীয়নরিলে কেঁহই 6ির-কাল শোক প্রকাশ করে না, কালক্রমে সকলকেই ধৈর্ঘ্যাবলম্বন করিতে হয় ৷ জগতের গতি, বা ঈশবের নিয়মই এইৰূপ, এমন কি, স্লেহাস্পদ পুদ্র বিয়োগে, কত কত পিতা মাতাকে প্রথমতঃ ক্ষিপ্ত হইয়া উঠিতে দেখা যায়, কিন্তু কিছু দিন পরে, তাহাদিগকেই আবার প্রকৃতিত্ব হইয়া এক তান মনে সংসার যাত্রা নির্বাহ করিতে দেখা গিয়াছে। অতএব ষষ্ঠীপুত্তের জ্রী যে চিব্লকাল শোক করিবেন, ইহাও কোন জমে সম্ভব নহে ৷ কাল ক্রমে তিনিও ধৈগ্যাবলম্বন করি-লেন ৷

তদনন্তর মোদক বনিতা, দত্তক মীমাং দার

ব্যবস্থানুসারে স্বীয় দেবর গঞ্চাবর ও হরিশাঞ্চের
নিকট স্বামী দন্তাংশ পাইবার প্রস্তাব কুরিয়া
পাঠাইলেন। যেহেতু তিনি নিতান্ত অবীরা
ছিলেন না। ভাঁহার এক কন্যা এক পুত্র
এবং এক দৌহিত্র হইয়াছিল। কন্যার নাম
বিজয়া, পুংত্রর নাম বংশীধারী, দৌহিত্রেয় নাম
শতঢাকী। এই শেষোক্ত নাম সম্বন্ধে মনোহর
একটা কিম্বন্তী আছে। অন্যাপি প্রবীণমোদকদিগের নিকট উহা সচরাচর শুনিতে পাওয়া যায়.
দেই জন্য পরিত্যাগ না করিয়া জনরবঁটী যথা
শ্রুত প্রকাশ করা গেল।

কথিত আছে ষঠীপুত্র স্বীয় দৌহিত্রের অরপ্রাশনে বিশুর আড়ম্বর করিয়াছিলেন, তাহাতে
অনেক ব্রান্ধণ পণ্ডিত ও সমুদ্য় কুটুম্বর্গ নিমন্ত্রিত
হইয়া আদিয়াছিলেন। সেই সকল নিমন্ত্রিত
লোকের আশীক্রাদীয় ধান্য, দূর্ব্বা, ও পুষ্পমাল্যে
বালকটা এককালে ঢাকা পড়িয়াছিল। সেই জন্য
সকলে মিলিত হইয়া শতঢাকী অর্থাৎ কুটুম্বর

আশীর্কাদে ঢাকা পড়িয়াছে বলিয়। উহার নাম
শতঢাকী রক্ষা করিলেন । এবং কুলীনের
দৌহিত ইনিও কুলীন হউক বলিয়া সকলে
বালকের সজ্ঞম রিদ্ধি করিয়া দিলেন । সেই অবধি
সপ্তগ্রাম ভুক্ত মোদকদিগের বিতীয় কুলীনের
প্রকাশ হয়। তৎপরে, শতঢাকীর 'আর ছই
সহোদর জন্ম গ্রহণ করেন ভাঁহাদের একের নাম
মাণিকঢাকী, বিতীয়ের নাম বাউল ঢাকী। ইহা
রাও কুলীন, কিন্ত ভাতার নামে মর্ন্যাদা গ্রহণ
করিতে হইয়াছিল।

তদনন্তর গঙ্গাবর ও হরিশাঙ্ক উত্তরে ভ্রাতৃ
জায়ার প্রস্তাবে সন্মত হইয়া পৈতৃক বিষয় সম্পতির তৃতীয়াংশের একাংশ প্রদান করিলে,মোদক
রমণী পুত্র কন্যা সঙ্কে করিয়া চাকদহে স্বীয়
পিত্রালয়ে গমন করিলেন এবং ভ্রাতাদিনের
পরামর্শে হউক কিন্তা অন্য কার্ণেই হউক
তদববি তথায় অবস্থিতি করিতে লাগিলেন 1

## অফ্টম পরিচ্ছে।

## পদ্মাৰ তী।

ইহার কিছুদিন পরে একদিন বেলা ছই প্রহর কালে ধামাস বাসীলোকেরা একটা অ.শ্চর্য্য व्याभात व्यवत्नांकन कतित्वन । वृष्टिनिवन (यव्यक्ति মানবলীলা সম্বর্গ করিয়াছেন, যাঁহাকে ভাঁহার সঞ্চীলোকের। স্বহস্তে ভদ্যসাৎ করিয়া অঃদিয়া-ছেন, এক্ষণে সেইব্যক্তি সমুখে উপস্থিত! এতদবলোকনে কেন। আশ্চর্য্য জ্ঞান করিবেন। অতএব সেই উপলক্ষে প্রতিবেশী মণ্ডলীতে মহান্ কলরব পড়িয়া গেল, এক জন অন্য জনকে জিজ্ঞানা করিল ইনি কি সেই ষ্ঠীপুত্র ? সেকহিল অনুমান হয়। আর একজন কহিলেন, ইনি যদি তিনিই হন, তবে বাঁচিলেন কি প্রকারে, মরিলে কি কেহ বাঁচিতে পারে? অনুমানহয় উহাকে কেলেএদে থাকিবে। এই দকল কথা প্রবণ করি-য়া অপর একজন বলিলেন, ওপথে যাওয়াই শুন্যায় । যেহেতু পীড়িত ব্যক্তিকে অনায়াদে পরিতর্গন করিয়া চলিয়া যায়, তাহাতে আত্মপর বিবেচনা করেনা । এই দেখ ষষ্ঠীপুজের জ্রী কেমন স্বামীকে পরিত্যাগ করিয়া দেশে আদিরা মৃতদন্দাদ প্রকাশ করিলেন সঙ্গীরা তাহাতেই সন্মতি দিয়া গেলেন কই কেহইতো সত্য কথা কহিলেন না ।

আর একজন বলিলেন সেয়াহাইউক উহার কনিষ্ঠ সহোদরেরা জ্যেষ্ঠের জীবিতাবস্থা পূর্ব্বে জানিতে পারিলে, আন্ধোপলক্ষে অতগুলি অর্থ অপব্যয় করিত না। এই রূপে পরস্পার পরস্পরের নিক্ট বলাবলি করিতেছেন ইতিমধ্যে ষষ্ঠাপুত্র ভাঁহাদের সম্মুখাগত হইলেন এবং বিধানানুসারে সকলকে সম্ভাষণকরনাম্ভর স্বীয় ত্বনাতিমুখে প্রস্থান করিলেন।

যৎকালে ষষ্ঠীপুজের গ্রামে পুনরাগমন বিষয়ে

জনতা হইতেছিল, সেই সময় গঞ্চাবর ও হরিশাক্রে নিকট একজন লোক আসিয়া সমাচার
প্রদান করিয়াছিলেন। সেইজন্য ভাতৃদয় এবং

অন্যং পরিবারেরা প্রায় সকলেই ভাঁহাকে দর্শ্ন মানদে বাসীর বর্হিভাগে আদিয়া অবস্থিতি করিতে नागितन वद अना अना शक्तिनी (नातकतां अ তথায় আদিয়া সন্মিলিত ইইলেন৷ কিয়ৎক্ষণ পরে ষ্ঠীপুত্রকে সমাগত দেখিয়া সকলে যারপর পর নাই আহলাদিত হইলেন। এবং প্রমায় থাকিতে মনুষ্য মরে না, পরমেশর তাহাকে রক্ষা করেন বলিয়া, পরস্পার পরস্পারের নিকট ঈ ধরের ইচ্ছাই বলবতী, এইবাক্য সপ্রমাণ করিতে থাকিলেন ৷ এবং মধ্যে মধ্যে ভাঁহার সহযাত্রী-দিগকে বিদ্রপ করিয়াও অনেক আমোদ প্রকাশ করিতে লাগিলেন।

এইৰপে যে সময়ে নান। প্রকার রহস্য জনক বাক্য, উপস্থিত ব্যক্তি সমূহের মনে অপার আনন্দ বর্দ্ধন করিতে ছিল। সেই সময়ে উৎকল দেশীয় কয়েক জন বাহক কর্তৃক আনীত এক খানি শিবিকা তাহাদিগের সমুখে সহস্য সমুপস্থিত হইলে সকলে সেই দিগে দৃষ্টিপাত ক্রিলেন ৷ দেখিলেন শিবিকা যানে একটা মাত্র রমণী ৷

স্ত্রীলোকটা উৎকল দেশবাদী কোন সন্ত্রান্ত লোকের রমণী বলিয়া দর্শক মণ্ডলা কর্ত্বক অনুমিত হইয়াছিল। কিন্তু তাহার অব্যবহিত পরেই জানিতে পারিলেন, অনা কেহ নহেন তিনি ষ্টাপুজের পরিণীতা পত্নী। অতএব এই স্থানে উক্ত রমণীর পরিচয় প্রদান করা মুক্তি যুক্ত বোধে বর্ণন করিতে প্রবৃত্ত হইলান।

বোধ করি কটকের কৃষ্ণহরি দোলক, পাঠক
মহাশয়দিগের সারণ পথে থাকিতে পারেন। এই
শিবিকা কালারমণী তাঁহারই এক মাত্র অপতা;
ইহার নাম প্রথাবতী। তুর্তাগাবশতঃ ইহার
জননী প্রমব করিয়াই সৃতিকাগারে প্রাণ পারিতাগা করিলে এক জন উৎকলবাদিনী রমণী
ইহাকে লালন পালন করিয়াছিল। সেই জনা
বালিকবেছা হইতে মাতৃতাধার ন্যায় উৎকল ভাষা
ইহার কওছ হইয়াছিল। এবং স্ক্রিলা তাদেশীয়

পরিবারবর্গে পরিবেন্টিত থাকাতে বেশ ভূষাওু উৎকলের ন্যায় হইয়াছিল ৷ সূত্রাং পদাব-তীকে উপস্থিত ব্যক্তিসমূহে উৎকলবাসিনী বলিয়া অনুত্র করিতে লাগিলেন ৷

পদাবতী নিতান্ত কুৰূপা ছিলেননা উড়িষ্যাদেশীয় লোকেরা উহাকে ৰূপৰতী রুমণী মধ্যে গণ্য করিতেন। যেহেতু ভাঁহার ৰূপ যথা সম্ভব লাবণ্য যুক্তছিল। যৎকালে ষষ্ঠীপুক্ত রুফহরি মোদকের অংশাদে আশাদিত হইয়া তথায় অবস্থিতি করিতেছিলেন, তৎকালে পদাবতীর পিতা অর্থাৎ ক্লক্ত্রি মোদক, স্বীয় ছহিতাকে প্রাপ্ত বয়ক্ষা জানিয়া এবং ষষ্ঠীপুত্ত অতি সুপাত্র বিবেচনা করিয়া, পন্ধাবতীকে তদ্ধন্তে সম্প্রদান করিতে অভিলাষী হইয়।ছিলেন। প্রথমা জীর ব্যবহারে যদিও ষষ্ঠীপুত্ত দিতীয় বারদার পরিগ্রহে অনিচ্ছুক ছিলেন, তথাপি, আশ্রয় দাতা কৃষ্ণহরি মোদকের যতে এবং পৰাবতীর ভক্তিতে একান্ত বাধিত হইয়া हिल्न (महे जना मूर्विदिक्क यंश्रीभूख यावड्कीवन উৎকলে অবস্থিতি মানসে পুনর্কার দার পরিগ্রহণে সম্মতি প্রদান করিয়াছিলেন। পরে পথাবতীর পাণিগ্রহণকরণানন্তরস্বদেশের মায়া মমতায় জলা-ঞ্জলি দিয়া সেই স্থানেই অবস্থিতি করিতে ছিলেন।

কালক্রমে ক্ষহরি মানবলীল সম্বরণ করাতে, বঙ্ঠীপুত্র সেই ভিন্নজাতীয় স্থানে নিঃসহায় বাস করা অপেক্ষা স্বভবনে প্রভ্যাগমন করাই শ্রেয়ক্ষর বোধে সন্ত্রীক পূর্ববাস ধামাসে প্রভ্যাবর্তন করিলেন।

মানব জাতি একেত কুৎসাপ্রিয়, লোকের কুৎসা করিবার নিমিত্ত কত শত অমূলক গণ্প কণ্পনা করিয়া থাকে, এবং কন্পিত গণ্পের আকর্ষণী শক্তি সম্পাদনার্থেতাহাতে নানা প্রকার অলক্ষার যোজনা করিয়া দেয়; কোন কোন ব্যক্তির প্রশংসা করিবার শত শত হেতু থাকিলেও কুৎসাপ্রিয় লোকেরা সে দিগে দৃষ্টিপাত করে না, কিন্তু কুৎসা করিবার অনুমাত্র স্থান থাকিলে মনের আমোদে সেইদিগে ধাবমান হয়, সূত্রাং ষষ্ঠী-পুত্রও তাহাদিগের দৃষ্টিপথের পথিক হইয়া

উঠিলেন, ষষ্ঠীপুত্র উড়েরমেয়ে বিবাহ করিয়া।
আনিয়াছে এই কথা তাহাদিগের কর্তৃক রাষ্ট
হওয়াইত ক্রমে সকল কুটুন্মেরা শুনিলেন।

<u> যাঁহারা সৎস্বভাব, ভাঁহারা ষষ্ঠীপুজের ভাতৃ-</u> দ্যের ন্যায় ভাঁহাকে পুনঃ প্রাপ্ত হইয়া আহলাদে পরিপূর্ণ হইয়াছিলেন, মুতরাং ওসকল কথায় ভাঁহারা দৃক্পাতও করিলেন না কিন্তু সদপেকা অসতের সংখ্যাবৃদ্ধিপ্রযুক্ত অপেদিবসের মধ্যে কুটুস্বসমাজে বিষম গোলযোগ হইয়। উঠিল অর্থাৎ প্রচলিত দেশাচার সম্বন্ধে ষ্ঠীপুত্রকে দোষী বলিয়। অনেকে বিবেচনা করিলেন এবং তক্ষন্য সপ্তগ্রাম সমাজভুক্ত মোদকেরা একদিবস সকলে সমবেত হইয়া উক্ত দম্পতী সম্বন্ধে নানাপ্রকার তর্ক বিতর্ক করিতে লাগিলেন। কিন্তু যথন আদ্যোপান্ত এই উপাখ্যান ষ্ঠীপুজের নিকট শ্রবণ করিলেন তথ্ন আর কেহই ভাঁহাকে দোষী বলিয়া অনুমান করিতে পারিলেন না ৷ তথন তিনি পূর্কের ন্যায় দমুজ মধ্যে দাদরে পরিগৃহীত হইলেন।

## পরিশিষ্ট

সম্বয়ে সময়ে সকলেরই মনোগত ভাবের পরি-বৰ্ত্তন হইয়াথাকে ৷ কালক্ৰনে মেধাবিশিষ্ট মানব-দিগের বুদ্ধিভংশ হইয়া মতিচ্ছন্ন ঘটিয়া উঠে এবং ত্রব্ত্ত পাষ্ণ্ডেরাও সময়ক্রনে অসদভিসন্ধি পরি-ত্যাগ করিয়া উত্তম পথে বিচরণ করিতে থাকে ৷ রচিকাল কাহারও অভিপ্রায় একরপ থাকেনা 1 ষষ্ঠী পুজের মনোগত ভাবের পরিবর্ত্তন হইল। প্রথম পরিণীতা পত্নীর প্রতি ভাঁহার যেৰূপ ঘূণা জন্মিয়া ছিল, ক্রমে ক্রমে তাহার পরিবর্ত হইয়া পূর্কানু-রাগের সঞ্চার হইতে লাগিল ৷ তথন তিনি পুত্র কন্যা সমভিব্যাহারিণী প্রথমা পত্নীকে স্বভবনে প্রত্যাগত হইতে আদেশ করিয়া একজন লোক প্রেরণ করিলেন। ষ্ঠাপুত্র যাহাকে পাঠ।ই-দেন সেব্যক্তি প্রত্যাবর্ত্তন করিল, তাহার দঙ্গে किश्रे जामिलना, यांशिमितगत जामिनांत कथा हिल ভাঁহাদিগের পরিবর্ত্তে কেবল একথানি শেখন আসিয়া পৌছিল।

ষঠীপুজের স্ত্রী নিজে লেখাপড়া জানিতেননা ।
সেই গ্রামের কোন কুলীন ব্রাহ্মণের কন্যা ভাঁহার
সই ছিলেন, তিনি লেখা পড়া জানিতেন । ষঠীপুজের স্ত্রী ভাঁহার দারা পত্রিকা খানি লেখাইয়া
লইয়াছিলেন । এবং যিনি ভাঁহাদিগকে আনিতে
গিয়াছিল তদ্ধতে পত্রিকাখানি পাঠাইয়াছিলেন ।
ষঠীপুত্র দেখিলেন স্ত্রী, কন্যা, পুত্রু, তিনের মধ্যে
কেহই আইসে নাই ৷ কেবল এক খানি পত্রিকা,
পত্রিকা গ্রহণ করিলেন, মোড়ক খুলিলেন এবং
পাঠ করিতে আরম্ভ করিলেন।

## পত্ৰিকা ৷

বাছিনী নাগিনী সম জানিয়া দাসীরে,
তবু যে করেন স্নেহ, সে কেবল তব
সাধু প্রকৃতির গুণে ৷ যে সাথে শক্ততা,

্রাইয়ে পত্নী, অজানীতদেশে, অসময়,

ক্ষমি দোষ তার, পুনঃকরা দয়া তারে সত্তল সভাব ভিন্ন অন্যকি সম্ভবে ৷

ধন্য নাথ! তবগুণে ধন্য তব দয়া মম প্রতি! দাসীর কুরীতি, অবহেলে ভূলি, হইলা সদয় পুনঃ এদাসীরে। ভূমিহেন পতি যার ধন্য সেরমণী ভাগ্যবতী, ধন্যতার জন্ম নারীকুলে! বলিলে বলিতে পারি এগৌরব কথা।

কিন্তু তব প্রসংশায় প্রসংশিনু যারে নহি সে রমণী আমি, কহিনু স্বৰূপ ; দেখুন বিচারি মনে দাসীর ভারতী ওৰূপ স্লেহের পাত্রী কিসেহবে দাসী।

না বুঝিয়া পূর্কাপর, পর বাক্যে মজে, করেছি অধর্ম ভারি, আনি পাপায়দী নারীকুলে গ্লানি পামরী কৃত্য্মীদমা, তানাহলে কছু ফেলেনাকি আদিতাম সেবিপত্তি কালে, বৃক্ষমূলে, রেখে একা ।

থাকিতাম কাছে সেবিতাম পদ তব,

হইতাম ছংখে ছংখী সুখভাগী এবে ৷
কিন্তু নাথ! আমি নারীজাতি, নহি নর,
তাহে বুদ্ধিহীনা স্বভাবে অবলা মতি!
হায়! কেমনে জানিব ভবিষ্যত বাণী
ঘটিবে এমন দশা দাসীর অদুষ্টে ৷

হায় নাথ! মরিলাজে মরিমনন্তাপে;
বিদিয়া নির্জ্জনে যরে, করি আলোচনা
আপনি আপন মনে, সেদিনের কথা,
সেপাপের ফলাফল ফলে হাতে হাতে;
কত্যে রোদন করি নাপারি বলিতে!

কিন্ত নাথ! কারে বলি মনের বেদনা, কে করে বিশ্বাস বল এঅবনী তলে— বিশ্বাস ঘাতিনী আমি আমার বাক্যেতে, দিবা নিশি সহিতেছি যেকপ যাতনা, জানেন কেবল সর্ব্ব অন্তর্যামী যিনি 1

শুনিলাম নাথ ! এবে, কহিল সেজন যেজন আইল তব আজ্ঞাবহ হয়ে, দাসীরে লইয়া জেতে তব সমিধানে ! ক হিল সেজন, উৎকল হইতে এক অপূর্ব্ব রমণী রত্ন, এনেছেন নাকি পরিণয় করে তারে, শাস্ত্রব্যবহারে, দাসীরে সঁপিতে নাথ স্বপত্নীর হাতে ?

একে মরি লাজে নাথ, প্রতিবেশীদলে দেখাইতে এবদন পুনতা সভারে. তাহাতে সতিনী—কহিবে কতেকহাসি ক্রচন সদা, সহিবেনা মম প্রাণে । করিছি যেমন কর্ম—ভূঞ্জিব তেমতি ফল, পুনকোন লাজে দেখাইব মুখ তোমার নিকটে আনি, কালামুখী হয়ে।

প্রবাদে থাকিলে পতি, পতিব্রতাদতা, সহেন বেৰূপে সদা অনঙ্গের জালা, সহিব তেমতি তুঃখ একতান মনে, কহিনু নিশ্চয় নাথ এপ্রতিজ্ঞা মন ৷ পুনঃ নিবেদনে, দাসী নিবেদয়ে পুনঃ

করেছে গমন, স্বীয় পতি নিকেতনে স্পুত্র স্থিতে কন্যা, বংশধর তব আছ্য়ে কুশলে, ছঃখিনীর যত্নে হেখা। অনুমতি হলে, দিব পাঠাইয়া পুত্রে, ভেটীতে চরণ যুগা তব, বারাস্থরে, নতুবা ক্ষমিবে নাথ এমিনতি পদে 1

मन् था

